আপনার সন্তানেরা কলেজে যেতে পারবে। হ্যাঁ তারা পারবে!

অভিবাসী মা-বাবাদের জন্যে একটি কর্ম নির্দেশনা

স্বীকার

নির্দেশনাটি তৈরি করেছে নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন-এর এডুকেশন কোলাবোরেটিভ এন্ড ইন্টারন্যাশনালস নেটওয়ার্ক ফর পাবলিক স্কুলস। এটি ডোনার্স এডুকেশন কোলাবোরেটিভ এর সহযোগিতায় অভিবাসী ও ELL ছাত্রছাত্রীদের কলেজের প্রস্তুতিকে এগিয়ে নিতে যৌথ প্রয়াসের একটি অংশ। আমরা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন থেকে এই নির্দেশনার জন্য অর্থ সাহায্য ও মূল্যবান পরামর্শ পেয়েছি। আমর সিটিব্যাংক থেকেও উদার সহযোগিতা পেয়েছি।

NYIC এডুকেশন কোলাবোরেটিভ সদস্যরা হচ্ছেন: এশিয়ান আমেরিকানস ফর ইকুয়ালিটি, এল সেন্ত্রো ডেল ইমিগ্রান্তে, দি চাইনিজ প্রোগ্রেসিভ এসোসিয়েশন, কোয়ালিশন ফর এশিয়ান আমেরিকান চিলড্রেন এন্ড ফ্যামিলিস, ক্লানব্যয়ান হাইতিয়ান লিটারেসি প্রজেক্ট, লা ইউনিয়ন এবং মেট্রোপলিটন রাশিয়ান আমেরিকান প্যারেন্টস এসোশিয়েশন।

এন্থনি তাশি, আজি খালিলি ও বারবারা বোরগেজে এই নির্দেশনার মুখ্য লেখক। লেখকবৃন্দ ধন্যবাদ দিচ্ছেন ট্যামি অ্যাসস্টেইনকে তার তাৎপর্যপূর্ণ অবদানের জন্য সেইসঙ্গে চাং-ওহা হং, ক্ল্যারি সিলভান, মেলানি রেইস, এনিক ক্যাটো ও বিশেষ করে অভিবাসী বাবা-মা যারা এডুকেশন কোলাবোরেটিভ এর আয়োজনে পাঁচটি ফোকাস গ্রুপে আমাদেরকে উপদেশ ও পরামর্শ দিয়েছেন। আমরা আরো ধন্যবাদ দিতে চাই রবার্ট উইন, জন স্টার্কি, লা গুয়ারদিয়া কমিউনিটি কলেজ-এর ইন্টারন্যাশনাল হাই স্কুল এবং সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক-এর ছাত্রছাত্রী ও পরিবারবর্গকে। ছবির জন্য ধন্যবাদ: এন্থনি টাসি এবং লা-গুয়ারদীয়া কমিউনিটি কলেজের ইন্টারন্যাশনাল হাই স্কুল'এর ছাত্রছাত্রীবৃন্দ। নকশা করেছেন রেনে স্কুবা।

আপনি অনলাইনেও এই নির্দেশনাটি পাবেন। ঠিকানা - thenyic.org/immigrant-parentguide বিস্তারিত তথ্যের জন্য, অনুগ্রহ করে 212-627-2227 নম্বরে নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন এর সঙ্গে যোগাযোগ করুন।

nyic NEW YORK IMMIGRATION COALITION | Internationals Network for Public Schools — Opening doors to the American Dream... | NYC Department of Education | Community Development citi

ভিতরে যা যা আছে

বাবা-মায়েদের কাছে চিঠি 2

আমরা এটা করেছি। এবং আপনিও এটা করতে পারেন! 5

আমাদের সম্পর্কে পড়ুন 6-17

ইজাবেল ও মারিয়া 6

তাশি ও নাইমা 8

হোসে ও পেড্রো 12

অ্যালিস 14

৩টি জিনিষ আপনিও করতে পারেন যেগুলি আমরা করেছি 18

কলেজের জন্য কিভাবে অর্থ পাওয়া যাবে 19

আপনাকে জানতে হবে USA এর কলেজ সম্পর্কে 27

আপনার সন্তানের জন্য ভালো এমন কলেজ সন্ধানের ৬টি উপায় 30

কলেজের বিষয়ে আপনার সন্তানের ধারণা 31

আপনার সন্তানকে সাথে নিয়ে কলেজ ঘুরে আসুন 33

কি করতে হবে যখন আপনার সন্তান ইলিমেন্টারী বা মিডল স্কুলে পড়ে 34

হাই স্কুল থেকে গ্রাজুয়েট করতে আপনার সন্তানকে কি করতে হবে 35

গুরুত্বপূর্ণ যে সব শব্দ জানতে হবে 40

যে সব প্রশ্ন আপনি করতে পারেন 42

আপনার পরিবারের জন্য সেরা সাহায্যটি নিন 43

প্রিয় বাবা-মায়েরা:

চ্যাং-ওহা হং

আমাদের *কলেজ গাইড ফর ইমিগ্রান্টস প্যারেন্টস* পড়ার জন্য আপনাকে ধন্যবাদ। আমরা আশা করি আমাদের নির্দেশনাটি আপনাকে ও আপনার সন্তানকে কলেজের ব্যাপারে ভালো সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। এই নির্দেশনাটি আমরা প্রণয়ন করেছি কেননা আমরা জানি যে এই পদ্ধতিটি বোঝা শক্ত। এ দেশে নতুন এমন সব পরিবারের জন্য সব সময় যথেষ্ট সাহায্য থাকে না।

আমরা চাইনি এই নির্দেশনাটি বোঝার জন্য খুব শক্ত বা লম্বা হোক। তাই আমরা কলেজ সম্পর্কে জানতে এখানে সব কিছু অন্তর্ভুক্ত করিনি। কিন্তু আমরা আপনার শুরু করার জন্য যথেষ্ট তথ্য সন্নিবেশ করেছি।

ক্ল্যারি ই সিলভান

আমরা আমাদের সিটি ও স্টেটকে অভিবাসীদের বসবাসের জন্য একটি উত্তম স্থান হিসেবে গড়ে তুলবার জন্য নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশনে আইন ও নীতির জন্য কঠোর পরিশ্রম করছি। অভিবাসী পরিবারদেরকে তাদের উন্নত জীবন পেতে সাহায্য করতে কলেজ শিক্ষা একটি চমৎকার পদ্ধতি।

ইন্টারন্যাশনালস নেটওয়ার্ক ফর পাবলিক স্কুলস-এ আমরা অভিবাসী ছাত্রছাত্রীদের জন্য হাই স্কুল শিক্ষাকে উন্নত করতে কাজ করি। আমাদের হাই স্কুলগুলোতে ছাত্রছাত্রীরা ভালো করছে এবং তাদের অনেকেই কলেজে যাচ্ছে।

অভিবাসীদের জন্য কলেজ একটি বড় সুযোগ। আপনার সন্তান এই সুযোগটি পাওয়ার দাবি রাখে। এবং আপনার যখন প্রয়োজন হবে তখন আপনি ভালো তথ্য ও সাহায্য পাওয়ার দাবী রাখেন।

বিশ্বস্ততায়,

এডুকেশন কোলাবোরেটিভ এর পক্ষে
স্টিভেন চোই
এক্সিকিউটিভ ডিরেক্টর নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন।

ক্ল্যারি ই সিলভান
এক্সিকিউটিভ ডিরেক্টর ইন্টারন্যাশনালস নেটওয়ার্ক ফর পাবলিক স্কুল।

প্রিয় পরিবারবর্গ:

কারমেন ফারিনা

আগের যে কোন সময়ের চেয়ে কলেজ শিক্ষা এখন অনেক বেশি গুরুত্বপূর্ণ, বিশেষ করে সেই সব অভিবাসী পরিবারের ছেলেমেয়েদের জন্য যারা উন্নত জীবনের সন্ধানে নিউ ইয়র্ক এসেছে। হাই স্কুল থেকে গ্রাজুয়েট সম্পন্ন করা সব ছাত্রছাত্রী কলেজ এবং একবিংশ শতাব্দীর কর্ম শক্তির জন্য তৈরি হবে এটা নিশ্চিত করতেই দি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) এবং দি সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (CUNY) একযোগে কাজ করছে।

আমরা জানি যে, বিদেশ থেকে আসা পরিবারসমূহ এদেশে এসে এখানকার কলেজের ভর্তি প্রক্রিয়া দেখে বিচলিত হয়ে পড়ে। সেকারণেই আমরা নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন ও ইন্টারন্যাশনালস নেটওয়ার্ক ফর পাবলিক স্কুলস এর সঙ্গে শরীক হয়ে এই নির্দেশনাটি তৈরি করেছি। এর উদ্দেশ্য হচ্ছে, এখানকার বিপুল শিক্ষা সম্পদ আপনাদের কাছে তুলে ধরা এবং আপনি কিভাবে আপনার সন্তানকে হাই স্কুল গ্রাজুয়েট হয়ে কলেজে ভর্তি হতে সাহায্য করবেন তা ভালোভাবে বুঝতে আপনাকে সহায়তা করা।

জেমস B. মিলিকেন

কলেজে ভর্তি ইচ্ছুক ছাত্রছাত্রীর সংখ্যা বাড়াতে নিউ ইয়র্ক সিটি মেয়র'স অফিস, ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং দি সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক গ্রাজুয়েট NYC! এর মতো একটি বিশেষ উদ্যোগের মাধ্যমে একটি প্রকল্পে একত্রে কাজ করছে । এ বিষয়ে আরও তথ্য পাওয়া যাবে gradnyc.com এ। CUNY এবং DOE-ও 'কলেজ নাউ' এর অংশীদার। এটি একটি দ্বৈত-তালিকাভুক্তি প্রোগ্রাম যেটা ছাত্রছাত্রীদেরকে কলেজের প্রস্তুতি নিতে এবং হাই স্কুলে কলেজের ক্রেডিট কোর্স নিতে সাহায্য করে। বর্তমানে নিউ ইয়র্ক সিটির ৩৫০টি হাই স্কুলে 'কলেজ নাউ' নেওয়ার সুযোগ আছে এবং প্রতি বছর এই প্রোগ্রাম প্রায় ২০ হাজার ছাত্রছাত্রীকে তালিকাভুক্ত করে। এই ফ্রি প্রোগ্রামটি সম্পর্কে আরও বেশি করে জানতে অনুগ্রহ করে collegenow.cuny.edu ভিজিট করুন।

অভিবাসী ছাত্রছাত্রীরা শ্রেণীকক্ষে তাদের নিজেদের মূল্যবান সংস্কৃতি, কৃষ্টি, ভাষা ও বৈচিত্র্য নিয়ে আসে, এবং আমরাও সব ছাত্রছাত্রীর অতীত, উৎপত্তি, অথবা নিজস্ব ভাষার ভেদাভেদ ভুলে তাদেরকে সর্বোচ্চ শিক্ষা এবং কলেজে ও নিজের পেশায় সফল হতে প্রয়োজনীয় সহযোগিতা দিতে প্রতিশ্রুতিবদ্ধ।

ছাত্রছাত্রীদেরকে তাদের হাই স্কুল পরবর্তী জীবনের জন্য প্রস্তুত করতে পরিবার ও সম্প্রদায় অপরিহার্য্য অংশীদার, এবং আমরাও এই চ্যালেঞ্জ মোকাবেলায় আপনাদের সঙ্গে একযোগে কাজ করে যেতে প্রতীক্ষায় আছি। অনুগ্রহ করে আরও অনেক প্রোগ্রাম ও পরিষেবা সম্পর্কে জানতে cuny.edu এবং schools.nyc.gov - আমাদের এই দুটি ওয়েব সাইট ভিজিট করুন। এটি আপনাকে সমান সুযোগ নিতে এবং আপনার সন্তানের চলমান সাফল্যের জন্য সুযোগ নিতে সাহায্য করবে।

আপনার মঙ্গল কামনায়,

কারমেন ফারিনা
উপাচার্য
নিউ ইয়র্ক সিটি'র শিক্ষা বিভাগ

জেমস B. মিলিকেন
উপাচার্য
নিউ ইয়র্কের সিটি বিশ্ববিদ্যালয়

কলেজ হচ্ছে অ্যামেরিকান ড্রিম এর একটি অংশ।

বাবামায়েরা তাদের সন্তানদের কলেজে পাঠায় ভালো একটা চাকরি পেতে, বেশি অর্থ আয় করতে এবং বিশ্বকে বেশি করে জানতে। হাই স্কুল শিক্ষা খুব গুরুত্বপূর্ণ, কিন্তু এটাই যথেষ্ট নয়। USA-তে আপনার জীবন থেকে আপনার পরিবার যা যা পাওয়ার দাবিদার তার জন্য কলেজ হচ্ছে সর্বোত্তম উপায়।

আমরা এটা করছি। এবং আপনিও এটা করতে পারবেন!

নিউঁ ইয়র্ক সিটি-তে অনেক অভিবাসী স্কুলে যায়। আপনার সন্তান-ও যেতে পারবে! অভিবাসী বাবা-মায়েরা তাদের সন্তানদের জন্য ভালো কলেজের সন্ধান পেয়েছে। এবং তারা কলেজের বেতন পরিশোধ করতে ভালো অর্থের-ও সন্ধান পেয়েছে। আপনি এই সবকিছুই পারবেন।

আমরা কিভাবে এসব করলাম এ বিষয়ে জানতে পরবর্তী কয়েকটি পৃষ্ঠা আমাদের সম্পর্কে পড়ুন। আপনার সন্তানরা স্কুলে যেতে পারবে। এটা তাদের জন্য সহজ কাজ হবে না কিন্তু তারা এটা পারবে। আপনার দরকার হবে এ বিষয়টিতে সংশ্লিষ্ট হওয়া ও তাদেরকে বেশি করে সাহায্য করা। এটা আপনার জন্য সহজ কাজ হবে না কিন্তু আপনিও এটি পারবেন!

কলেজের যাওয়ার জন্য আপনাকে সবচেয়ে ভালো ছাত্র হতে হবে না। ভালো গ্রেড খুবই সহায়ক, কিন্তু কলেজের জন্য আপনার যা দরকার তা হচ্ছে একটি হাই স্কুল ডিগ্রি অথবা একটি GED ডিপ্লোমা।

আপনার পরিবারের কেউ যদি কলেজে না যেয়ে থাকে, তবে আপনার সন্তান হতে পারে প্রথম ব্যক্তি। আপনার সন্তান অন্য অনেক ছাত্রছাত্রীর সাথে মিশবে যারাও তাদের পরিবার থেকে প্রথম এসেছে কলেজে।

আপনার কমিউনিটিকে সাহায্য করতে কলেজ আপনার সন্তানকে অনেক পথ দেখাবে। অভিবাসী যারা কলেজে যায় তারা তাদের কমিউনিটিকে প্রতিদান দেওয়ার মতো অনেক পথের সন্ধান পায়। কলেজ থেকে শিক্ষা গ্রহণ করে অনেক মানুষকে সাহায্য করা ও এই দেশে অনেক গুরুত্বপূর্ণ কাজ করা সম্ভব।

আপনার সন্তান একজন ভালো ব্যক্তি। আপনার সন্তান কলেজের জন্য যথেষ্ট চটপটে। কলেজে, আপনার সন্তান অন্য ভালো লোকেদের সঙ্গে মিশবে। বেশি বেশি শিক্ষা গ্রহণ ও পেশাজীবনের জন্য প্রস্তুতি নেওয়ার কালে তারা আপনার ঐতিহ্য ধরে রাখতে পারবে।

অ্যামেরিকার যে কোন কলেজ আপনার সন্তানকে একজন স্টুডেন্ট হিসেবে পেলে ভাগ্যবান মনে করবে। এটি স্মরণ রাখার চেষ্টা করুন। আপনার সন্তানের ব্যাপারে আপনার গর্ব ও আত্মবিশ্বাস তাদেরকে অনেক সাহায্য করবে।

ইজাবেল ও মারিয়া

আমার নাম ইজাবেল। কয়েক বছরের মধ্যেই আমার মেয়ে কলেজে যাবে।

আমি সবসময়ই আমার সন্তানদের শিক্ষার সঙ্গে জড়িত। সে জন্যেই আমরা এই দেশে এসেছি। আমি তাদেরকে একটা ভালো শিক্ষা দিতে চেয়েছি। তারা যখন নবীন ছিলো তখন আমি তাদেরকে দৈনিক পড়িয়েছি। আমি তাদের বাড়ির কাজে সাহায্য করেছি। আমি তাদের শিক্ষকদের সঙ্গে দেখা করতে গিয়েছি।

আমার মেয়ে কলেজ সম্পর্কে জানতে চাইতো।

কিন্তু আমার বড় মেয়ে মারিয়াকে গাইড করা আমার পক্ষে সহজ ছিলো না। যখন তার বয়স ১২ বা ১৩ বছর, সে তার ভবিষ্যত সম্পর্কে আমাকে অনেক প্রশ্ন জিজ্ঞাসা শুরু করলো। সে অনেক ধরণের চাকরি সম্পর্কে জানতে চাইতো। আমি একটা রেস্টুরেন্টে কাজ করি। কিন্তু, সে জানতে চাইতো আর্কিটেকচার, সাইয়েন্স ও বিজনেস সম্পর্কে। আমি চাইতাম আমার মেয়ে বড় স্বপ্ন দেখুক, কিন্তু আমি এ জিনিষগুলি সম্পর্কে জানতাম না।

শীঘ্রই, সে কলেজ সম্পর্কে জিজ্ঞাসা করা শুরু করলো। আমি মনে করতাম কলেজ সম্পর্কে সে বেশি আগেভাগেই জানতে চাইছে। কিন্তু আমি এটা তাকে জানাইনি। আমি চেয়েছি মারিয়ার নিজস্ব একটা চিন্তাভাবনা থাকুক। কিন্তু তার প্রশ্নের জবাব আমার কাছে ছিলো না। সৌভাগ্যক্রমে, আমার ৩ বন্ধু ছিলো যারা আমাকে এসবের উত্তর পেতে সাহায্য করলো। তারা কলেজের জন্য প্রস্তুতির ব্যাপারে সাহায্য করলো।

আমার বন্ধু কারমেন মারিয়াকে কলেজ সম্পর্কে ভাবতে সাহায্য করলো।

আমার বন্ধু কারমেন মারিয়ার সঙ্গে দেখা করে তার ভবিষ্যত সম্পর্কে ভাবতে সাহায্য করলো। কারমেন মারিয়ার কাছে শুনলো কি সে করতে পছন্দ করে এবং কি সে পছন্দ করে না। কারমেন মারিয়াকে তার প্রিয় ক্লাসগুলো সম্পর্কে জিজ্ঞাসা করলো। এবং সে তাকে জিজ্ঞাসা করলো: "স্কুলের বাইরের কোন ধরনের বিষয়গুলোতে তুমি ভালো?" মারিয়া একজন ব্যক্তি হিসেবে তার দক্ষতা সম্পর্কে বললো। কারমেন ও মারিয়া চাকরী নিয়ে কথা বললো যেগুলো মারিয়া করতে পছন্দ করবে।

কারমেনের সঙ্গে দেখা করার পর আমার মেয়ে আরো আত্মবিশ্বাসী হলো। চাকরিতে সে কি চায় এবং কি না চায় এ ব্যাপারে তার আরো চিন্তা ভাবনা ছিলো।

আমার বন্ধু এঞ্জেলা অভিভাবক হিসেবে আমার অধিকার সম্পর্কে জানতে আমাকে সাহায্য করলো।

আমার আর এক বন্ধু অ্যাঞ্জেলা, আমাকে বললো যে আমি যখন আমার মেয়ের স্কুলে যাবো তখন আমি বিনা পারিশ্রমিকে একজন দোভাষী পেতে পারি। কোনো কোনো সময় স্কুলে এমন কাউকে পাওয়া যায় না যিনি স্প্যানিশ জানেন। অ্যাঞ্জেলা আমাকে বললো যে আমাকে ভাষান্তর করে দিতে আমি কাউকে চাইতে পারি। বাবামা-শিক্ষক কনফারেন্সগুলোতে বা গাইডেন্স কাউন্সিলরের সঙ্গে কথা বলতে আমি আমার সাহায্যের জন্য কাউকে পেতে পারি । ইংরেজিতে কি বলা হচ্ছে সেটা বুঝতে প্রতিটি স্কুল অভিবাসী বাবা-মায়েদেরকে সাহায্য করতে পারে। আপনাকে শুধু জিজ্ঞাসা করতে হবে।

অ্যাঞ্জেলা আমাদেরকে আরো দেখালো পেশাজীবন ও কলেজ সম্পর্কে আরো বেশি শিখতে কিভাবে লাইব্রেরিতে যেতে হয়। লাইব্রেরীতে যাঁরা কাজ করেন তারা আমাদেরকে কলেজ ও চাকরি বিষয়ক একটা বই দেখালো। এই বইতে বলা আছে আপনার প্রত্যাশিত চাকরি পেতে কি বিষয়ে পড়তে হবে। তাদের আরো একটি বই ছিলো যাতে নিউ ইয়র্কের কলেজসমূহের তালিকা ছিলো। আমরা সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক সম্পর্কে পড়লাম। গোটা সিটিতে এর অনেকগুলো কলেজ আছে এবং এখানে খুব বেশি অর্থের প্রয়োজন হয়না।

আমার বন্ধু কার্লোস মারিয়াকে কাজ সম্পর্কে শিখতে সাহায্য করলো।

আমার তৃতীর বন্ধু হচ্ছে কার্লোস। সে একটা ট্রাভেল এজেন্সিতে কাজ করে। সে তার নিজের কর্মস্থলে মারিয়াকে প্রতি সোমাবার স্কুল ছুটির পর কয়েক মাসের জন্য আসতে দিলো। তার অফিসের সবার সঙ্গে পরিচিত হলো মারিয়া। সে শিখলো তারা কর্মস্থলে কি করে। সে দেখলো কিছু মানুষ কাজকে ভালবাসে এবং কিছু মানুষ ভালোবাসে না। মারিয়া কার্লোসের কাছে অনেক কিছু জানতে চাইলো। এবং সে শিখলো কিভাবে টেলিফোনে উত্তর দিতে হয় এবং লোকজন কর্মস্থলে আসলে তাদেরকে অভ্যর্থনা জানাতে হয়। কার্লোস মারিয়াকে বললো যে সে তার এই অভিজ্ঞতার কথা তার কলেজের আবেদনে উল্লেখ করতে পারে। আমার বন্ধুরা একটি ভালো দল।

আমার বন্ধুরা একটি ভালো দল ছিলো!

সে দেখলো কিছু মানুষ কাজকে ভালবাসে এবং কিছু মানুষ ভালোবাসে না। মারিয়া কার্লোসের কাছে অনেক কিছু জানতে চাইলো। এবং সে শিখলো কিভাবে টেলিফোনে উত্তর দিতে হয় এবং লোকজন কর্মস্থলে আসলে তাদেরকে অভ্যর্থনা জানাতে হয়। কার্লোস মারিয়াকে বললো যে সে তার এই অভিজ্ঞতার কথা তার কলেজের আবেদনে উল্লেখ করতে পারে।

তাসি ও নাইমা

আমার নাম তাসি। আমার মেয়ের বয়স ১৮।
সে কলেজে যেতে চায়।

নাইমা যখন কলেজ সম্পর্কে কথা বলতে শুরু করলো, আমি বুঝিনি কি ভাববো। বাড়িতে, নাইমা খুব লাজুক। সে ইংরেজি ভালো বলতে পারে না। সে হাই স্কুলে ভালো গ্রেড পায় না। আমি ভাবিনি কলেজ একটা ভালো ধারণা। আমি ভাবতাম কলেজ বেশ ব্যয়বহুল। কলেজের জন্য আমাদের অর্থ নেই। যখন সে হাই স্কুল শেষ করবে তখন সে তার পরিবারকে বেশি করে সাহায্য করবে।

আমরা নাইমার গাইডেন্স কাউন্সিলরের সঙ্গে দেখা করলাম।

নাইমা তার গাইডেন্স কাউন্সিলরের সঙ্গে কথা বলতে আমাকে একদিন তার স্কুলে আসতে বললো। আমি তার সঙ্গে যাওয়ার জন্য কাজ থেকে কিছুটা সময় বের করে নিলাম। আমরা যাতে সাক্ষাতকালে বুঝতে ও নিজের ভাষায় কথা বলতে পারি সেজন্য স্কুল আমাদের সঙ্গে একজন দোভাষী পাঠালো।

গাইডেন্স কাউন্সিলর আমাদেরকে বললেন যে কলেজ নাইমাকে ভালো চাকরি পেতে সাহায্য করবে। সে ভবিষ্যতে বেশি অর্থ উপার্জন করতে পারবে। কিন্তু, আমাদের এখনই অর্থের প্রয়োজন। আমি বুঝতে পারলাম না নাইমা কিভাবে দুই বা তিন বছর কলেজের খরচ চালাবে এবং সংসারেও সাহায্য করবে না। গাইডেন্স কাউন্সিলর বললেন, তিনি মনে করেন কলেজ নাইমার জন্য ভালো হবে। তিনি আমাদেরকে বোঝালেন পরিবারসমূহ কিভাবে আরো কিছু বছর ধৈর্য্য ধরে যাতে তাদের সন্তানেরা উন্নত জীবন পায়। “এটি গুরুত্বপূর্ণ”, তিনি বললেন।

কলেজের জন্য আমাদের অর্থের প্রয়োজন।

তাই, কিভাবে আমি কলেজের বেতন দেবো? আমি কঠোর পরিশ্রম করি এবং পরিবারের অন্নের সংস্থান করতে যথেষ্ট অর্থ রোজগার করি। কিন্তু আমার অতটা অর্থ নেই যে কলেজের বেতন পরিশোধ করবো। এটি যথেষ্ট ব্যয়বহুল।

গাইডেন্স কাউন্সিলর আমাদেরকে বললেন, বেতন পরিশোধে অভিবাসী বাবা-মায়েদের সাহায্য করতে কলেজের অর্থ আছে। গত বছর, নাইমার স্কুলের এক বন্ধু কলেজের জন্য ৫,০০০ ডলার পেয়েছিলো। অন্য কিছু ছাত্রছাত্রী এর চেয়ে বেশি অর্থও পেয়েছিলো। তারা সরকার থেকে অর্থ পেয়েছিলো। তাদেরকে শুধু কিছু ফর্ম পূরণ করতে হয়েছিলো। এখন তারা কলেজে যেতে পারে। তারাও নাইমার মতো অভিবাসী।

আমার কোন ধারণা ছিলো না। আমি ভাবতাম কলেজ বুঝি খুব ব্যয়বহুল। আমি বুঝিনি যে কলেজের বেতন পরিশোধের জন্য আপনি সাহায্য পেতে পারেন। গাইডেন্স কাউন্সিলর বললেন যে বহু সংখ্যক অভিবাসী ছাত্রছাত্রী সরকার থেকে সাহায্য পায়। অনেকে তাদের পছন্দের কলেজ থেকে বেশি সাহায্যও পায়।

নাইমা স্কুলে পিছিয়ে পড়েছে কারণ ইংরেজি শেখা খুব কঠিন।

এটি শুনতে বেশ ভালো লাগে। আমি যা ভেবেছিলাম তার চেয়েও এটি ভালো। কিন্তু এরপর গাইডেন্স কাউন্সিলর আমাদেরকে কিছু তথ্য দিলেন যা সুখকর নয়। তিনি আমাদেরকে সব ক্লাসের তালিকাযুক্ত একটি কাগজ দিলেন যেটা নাইমা হাই স্কুলে নিয়েছিলো। গাইডেন্স কাউন্সিলর ব্যাখ্যা দিলেন যে নাইমা তার ক্লাসগুলোতে অনেকটা পিছিয়ে আছে। গ্রাজুয়েট ডিগ্রি পেতে তার আরো ২ বছর সময় লাগবে।

আরো ২ বছর?! আমি খুব বিস্মিত হলাম, কিন্তু আমি নীরব থাকলাম। কেন তার যথেষ্ট পরিমাণে ক্রেডিট ছিলো না? সে কি করছিলো? আমি জানতাম যে দোষটা নাইমার ছিলো না। এই দেশে আসাটা তার জন্য ছিলো কঠিন কাজ। সবকিছুই এখানে ভিন্ন। ইংরেজি শেখা খুব সহজ নয়। আমি জানি যে এতে সময় লাগে। কিন্তু সে আরো ২ বছর কিভাবে স্কুলে যাবে? তার বয়স এখন ১৮।

গাইডেন্স কাউন্সিলর বললেন যে ২১ বছর পর্যন্ত আমার মেয়ের অবৈতনিক শিক্ষা নেওয়ার অধিকার আছে। এবং যখন সে ২১-এ পড়বে, তখন সে স্কুল বছর শেষ করতে পারবে। তিনি বললেন যে আমাদের এই সুযোগটা নেওয়া উচিৎ। শিক্ষা খুবই মুল্যবান।

গাইডেন্স কাউন্সিলর বললেন যে যেসব অভিবাসীকে ইংরেজি শিখতে হয় অনেক সময় তার গ্রাজুয়েট ডিগ্রি নিতে সময় বেশি লাগে। আমি জানতে চাইলাম ক্লাসে ভালো করতে নাইমার জন্য অতিরিক্ত সাহায্যের ব্যবস্থা আছে কিনা। গাইডেন্স কাউন্সিলর বললেন আছে। কিন্তু নাইমার দরকার বেশি পরিশ্রম ও বেশি পড়াশুনা করা। কর্মস্থলেও তার উচিৎ হবে না বেশি কাজ করা।

নাইমা কি কলেজে যেতে পারবে?

ঠিক আছে, নাইমা হয়তো হাই স্কুল থেকে গ্রাজুয়েট হতে পারবে। কিন্তু, সে তো কলেজে যেতে চায়। নাইমা কিভাবে কলেজে যেতে পারবে? হাই স্কুলে তার সমস্যা হচ্ছে। তার ইংরেজি তেমন ভালো না। গাইডেন্স কাউন্সিলর বললেন যে নাইমা চটপটে মেয়ে। সে কলেজে ভালো করতে পারবে। কিন্তু, হাই স্কুলে সব ক্লাস শেষ করতে তার আরো সময়ের প্রয়োজন। এবং ইংরেজি চর্চা করতেও তার আরো সময়ের প্রয়োজন।

আমি গাইডেন্স কাউন্সিলরের কথা শুনলাম। কিন্তু, আমি বুঝতে পারছিলাম না যে কলেজ নাইমার জন্য একটা ভালো ধারণা। তখনই গাইডেন্স কাউন্সিলর আমাদেরকে কলেজে যেয়ে এটা কেমন দেখতে বললেন। তিনি আমাদেরকে ২টা কলেজের নাম বললেন যেখানে আমরা যেয়ে দেখতে পারি। আপনি সব ভবন ও শ্রেণীকক্ষ সহ কলেজ ক্যাম্পাসটি যেয়ে দেখতে পারেন। আপনি দেখবেন সেখানে স্টুডেন্ট বলতে কি বোঝায়।

আমরা একত্রে একটি কলেজ দেখলাম।

পরদিন, আমি নাইমাকে বললাম যে আমাদের উচিত একটা কলেজ ক্যাম্পাস দেখে আসা। কলেজগুলোর একটিতে বিনা খরচে ঘুরে আসতে নাইমা স্কুলের একটি কম্পিউটারে সাইন আপ করলো। কয়েক সপ্তাহ পর, ফ্রি ক্যাম্পাস ট্যুরে আমরা কলেজটিতে গেলাম। এটি ছিলো শনিবার সকাল। কলেজটা আমাদের বাড়ি থেকে খুব দূরে ছিলো না।

কলেজের একজন ছাত্র আমাদেরকে চারদিক ঘুরিয়ে দেখালো। সে ছিলো তার পরিবার থেকে প্রথম কলেজে আসা ব্যক্তি। সে বললো স্কুলে পাঠানোর মতো অর্থ তার মা-বাবার ছিলো না। কিন্তু, সে সরকার থেকে অনেক সাহায্য পেয়েছে। এখন, তার পরিবার কলেজের বেতন দিতে পারে। সে আরো বললো যখন সে কলেজ শুরু করলো তখন সে বাড়তি সাহায্য পেয়েছিলো। কলেজের একটা সুন্দর প্রোগ্রাম আছে যার নাম "কলেজ ডিসকভারি"। এটা সেই সব ছাত্রছাত্রীদেরকে সাহায্য করে যাদের বেশি অর্থ নেই। তার আপনাকে অতিরিক্ত ক্লাশ দিয়ে সাহায্য করবে। এবং তারা আপনাকে নিখরচায় মেট্রো কার্ড ও অন্যান্য জিনিষও দেবে। আমি মনে করি নাইমার এটি প্রয়োজন হবে।

আমার মেয়ের জন্য কলেজ একটি ভালো আইডিয়া হতে পারে।

নাইমা কিছু প্রশ্ন জিজ্ঞাসা করলো। প্রশ্নগুলো ভালো ছিলো। আমি তাকে কখনও সবার মধ্যে কথা বলতে দেখিনি। সে ভালো বললো। তার ইংরেজি খুব একটা খারাপ ছিলো না। সে একজন চটপটে কমবয়সী মহিলার মতো কথা বললো। আমি মনে করি কলেজ নাইমাকে আরো আত্মবিশ্বাসী হতে সাহায্য করবে। সে অনেক শিখবে, কিন্তু সে আমার পরিবারের একজন অংশ হবে। আমি দেখতে পাবো যে আমার মেয়ে এই কলেজেরই একজন।

হোসে ও পেদ্রো

আমার নাম হোসে। আমার ছেলে হাই স্কুল থেকে ডিগ্রি নেবে না। কিন্তু তার জন্য আমাদের একটা পরিকল্পনা আছে।

আমি কখনো ভাবিনি কলেজ আমাদের জন্য ।

আমার পরিবারের কেউই কখনো কলেজে যায়নি। আপনি যখন এই দেশে আসবেন আপনাকে অর্থ উপার্জন করতে হবে। আপনার অন্য কিছু করার সুযোগ নেই। কারণ আপনাকে অনেক বিল পরিশোধ করতে হবে এবং আপনাকে দেশে বাড়িতে অর্থ-ও পাঠাতে হবে। এখানকার জীবনযাত্রা সহজ নয়। কিন্তু দেশে আপনার জন্য কোন ভালো জীবন অপেক্ষা করছে না। আপনাকে নিউ ইয়র্ক আসতে হবে যদি আপনি আসতে পারেন।

আমার ছেলে কখনো স্কুল পছন্দ করেনি। তার কখনোই কোন ভালো শিক্ষক ছিলো না যে তাকে যথেষ্ট সাহায্য করবে। তাই, আমরা কখনোই কলেজ সম্পর্কে কিছু ভাবিনি। আমি খুশি ছিলাম যে পেদ্রো হাই স্কুলে যাচ্ছিলো।

আমার ছেলে হাই স্কুল থেকে গ্রাজুয়েট ডিগ্রি নেবে না।

কিন্তু একদিন আমি পেদ্রোর হাই স্কুল থেকে একটি চিঠি পেলাম। চিঠিতে কি বলা হয়েছে আমি তা বুঝতে পারিনি। তাই, পেদ্রো ও আমি স্কুলে গেলাম কোন একজনের সঙ্গে দেখা করতে। আমি আমার বোনকে সঙ্গে নিলাম কেননা সে আমার তুলনায় ভালো ইংরেজি বলে। আমরা একজন মহিলার সঙ্গে দেখা করলাম যিনি পেদ্রোর গাইডেন্স কাউন্সিলর। তিনি আমাকে বললেন যে পেদ্রো স্কুলে খারাপ করছে। আসলে, সে এতটাই খারাপ করছে যে সে হাই স্কুল থেকে ডিগ্রি নিতে পারবে না।

তিনি ব্যাখ্যা দিলেন যে, ডিগ্রি নিতে হলে আপনাকে ২টি জিনিষ করতে হবে: যথেষ্ট ক্লাস করে ৪৪ ক্রেডিট পেতে হবে এবং ৫টি বড় পরীক্ষা বা রিজেন্ট-এ পাশ করতে হবে। কিন্তু পেদ্রোর আছে মাত্র ১৬ ক্রেডিট। এবং সে মাত্র ১টি রিজেন্ট নিয়েছিলো এবং তাতে সে ফেল করেছিলো। সে ছিলো ১১তম গ্রেডে। সে সম্ভবত হাই স্কুল থেকে ডিগ্রী নিতে পারবে না।

প্রথমে আমি খুব ঘাবড়ে যাই। এখানে স্কুলে কি এমন কেউ নেই যে আমার ছেলের প্রতি মনযোগ দিচ্ছে? কিভাবে সে এতটা খারাপ করছে? কেউ কি পেদ্রোর মতো ছেলেদের সাহায্য করে না? তার দরকার বাড়তি সাহায্য।

GED/HSE হচ্ছে দ্বিতীয় সুযোগ।

আমার বোন গাইডেন্স কাউন্সিলরকে জিজ্ঞাসা করলো স্কুল আর কি করতে পারে পেদ্রোর জন্য। তিনি বললেন, এখানে আর একটা স্কুল আছে যেটা পেদ্রোর জন্য আরো বেশি করতে পারে। পেদ্রোর প্রয়োজন আরো ইংরেজি শেখা। এবং তাকে শিখতে হবে কি করে ভালোভাবে পড়া যায়। এটা একবার করতে পারলে, পেদ্রো ক্লাসগুলোতে অংশ নিতে পারবে এবং ভিন্ন ধরণের হাই স্কুল ডিপ্লোমা GED/HSE 'র জন্য চেষ্টা করতে পারবে।

মহিলাটি আমাদেরকে কিছু স্থানের তালিকা দিলেন যেখানে GED/HSE ক্লাস আছে। তিনি বললেন, GED/HSE 'র জন্য পড়াশুনা হাই স্কুল থেকে আলাদা। এটা অনেকটা দ্বিতীয় সুযোগের মতো। পেদ্রোর মতো অনেক তরুণ সাবালকরা GED/HSE ক্লাসগুলোতে ভালো করছে। এটাকে স্কুলের মতো মনে হবে না। GED/HSE প্রোগ্রাম সংক্ষিপ্ত এবং এখানে সবাই আপনাকে চিনবে। এবং GED/HSE নিলে পেদ্রো চাকুরি পেতে পারে।

GED/HSE থাকলে আপনি কলেজে যেতে পারবেন।

GED/HSE ডিপ্লোমা নিতে পেদ্রোকে খুব পরিশ্রম করতে হবে এবং প্রতিদিন স্কুলে যেতে হবে। এতে কয়েক বছর সময় লাগবে। কিন্তু, গাইডেন্স কাউন্সিলর আমাদেরকে বললেন, GED/HSE ডিপ্লোমা থাকলে পেদ্রো ভালো চাকরির প্রশিক্ষণ পেতে পারে। অপেক্ষাকৃত ভালো বেতন দেয় এমন সব চাকরি সে খুঁজতে পারবে। সে তুলনামুলকভাবে ভালো জীবন যাপন করতে পারবে। তিনি বললেন যে সে এমনকি কলেজেও যেতে পারবে। কলেজ? হ্যাঁ কলেজ! GED/HSE ডিপ্লোমা থাকলে আপনি কলেজে যেতে পারবেন। মহিলাটি বললেন যে পেদ্রো স্মার্ট। কিন্তু, সেখানে যেতে তার আরো সাহায্যের প্রয়োজন। এবং তিনি আমাদেরকে কমিউওনিটি কলেজে একটা GED/HSE ক্লাস সম্পর্কে বললেন যেখানে তাকে ইংরেজি সত্যিই ভালো শেখাবে। এভাবে তারা তাকে কলেজের জন্য প্রস্তুত করবে।

আমি পেদ্রোর সঙ্গে কলেজ সম্পর্কে আরো আলাপ করার পরিকল্পনা করলাম। তবে তখনকার মতো আমি খুশি হলাম যে তাকে স্কুল ত্যাগ করতে হবে না। তার প্রয়োজন GED/HSE ক্লাস শুরু করা যেটা তাকে তার প্রয়োজনে সাহায্য করবে।

অ্যালসি

আমার নাম অ্যালসি। আমি আফ্রিকা থেকে এসেছি এবং আমি কলেজে যাচ্ছি।

যখন আমি বয়সে নবীন ছিলাম, আমার বাব-মা চেয়েছিলেন আমি কলেজে যাই। কিন্তু, তাঁরা অ্যামেরিকার পদ্ধতি সম্পর্কে জানতেন না। তাঁরা দেশেও কলেজে যাননি। এবং তাঁরা ইংরেজিও জানতেন না। আমাদের কোন ধারণা ছিলো না প্রথমে কি করতে হবে।

আমি আমার বিজ্ঞান শিক্ষক-এর থেকে সাহায্য পেলাম।

যখন আমি একাদশ গ্রেডে ছিলাম আমার বিজ্ঞান শিক্ষক আমাকে সাহায্য করলেন। তাঁর ক্লাসে আমি ভালো করলাম। আমার বাবা সবসময় আমাকে বলতেন যে আমি অংক ও বিজ্ঞানে ভালো। যখন ক্লাসগুলো কঠিন হয়ে গেলো, তিনি বললেন যে আমি যে কোন ক্লাসের জন্যই স্মার্ট। তিনি বললেন যে অনেক মেয়েই বিজ্ঞানে ভালো। কিন্তু, তাদেরকে নিজের ওপর বিশ্বাস রাখতে হবে।

আমার ওপর আমার বিজ্ঞান শিক্ষকের আস্থা ছিলো। তিনি আমাকে আমার স্কুলের একটি প্রোগ্রাম সম্পর্কে বললেন যেখানে হাই স্কুলে থেকেও আপনি কলেজের ক্লাসগুলো করতে পারবেন। একে বলা হয় 'কলেজ নাউ'। এখানে আপনি স্কুলের পর অথবা শনিবার কলেজে যেয়ে প্রকৃত কলেজ ক্লাসগুলো করতে পারবেন। ক্লাসের পর, আপনি লাইব্রেরিতে যেতে পারবেন অথবা ক্যাফেটেরিয়াতে সময় কাটাতে পারবেন। তিনি বললেন তাঁরা আপনাকে একটি কলেজ ID দেবে যেখানে আপনার ফটো লাগানো থাকবে।

এটা আমার কাছে সত্যিই চমৎকার শোনালো। কিন্তু, আপনার গ্রেড ভালো হতে হবে। এবং রিজেন্টগুলোতে আপনার স্কোর ভালো থাকতে হবে। আমার স্কোর মোটামুটি ভালো ছিলো, কিন্তু আমার টেস্ট স্কোরগুলো ভালো ছিলো না। আমি ভাবিনি যে আমি প্রোগ্রামটি নিতে পারবো। কিন্তু, আমার শিক্ষক আমাকে আবেদন করতে বললেন। কাজেই, আমি আবেদন করলাম।

'কলেজ নাউ' প্রোগ্রাম আমার অনেক উপকারে আসলো।

আমি প্রোগ্রামে ঢুকলাম। অন্য আরো ২০ হাই স্কুল ছাত্রের সঙ্গে আমি ম্যানহাটানে হান্টার কলেজে প্রথম কলেজ নাউ ক্লাসে যোগ দিলাম। আমি কখনো হান্টার কলেজের নাম শুনিনি কিন্তু সাবওয়ের সাহায্যে এখানে সহজেই পৌঁছানো যায়। আমি নিউট্রিশন এর ওপর একটি ক্লাস করলাম। ক্লাসটি কঠিন ছিলো। আমাদেরকে অনেক পড়াশোনা করতে হয়েছিলো। তবে, আমার শিক্ষককে পছন্দ হলো। তিনি আমাকে বললেন যে কলেজে আমি ভালো করবো। কিন্তু, আমার লেখার মান উন্নত করতে ইংরেজির ওপর আমাকে আরো ক্লাস করতে হবে।

নিউট্রিশন ক্লাস শেষ করে আমি কম্পিউটার এর ওপর একটা ক্লাশ করলাম। কম্পিউটার সম্পর্কে আমি বেশি কিছু জানতাম না। কিন্তু ক্লাসটি আমার খুব ভালো লাগলো। অন্য স্টুডেন্টরাও ছিলো বেশ চটপটে। আমরা মজা করে সময় কাটালাম। এবং আমরা অনেক কিছু শিখলাম। এখন আমি জানি কিভাবে কিছু কম্পিউটার প্রোগ্রাম ব্যবহার করতে হয় এবং আমি আমার নিজের ওয়েবসাইট তৈরি করতে পারি।

কলেজ নাউ নিতে পেরে আমি ভাগ্যবান ছিলাম কারণ সব হাই স্কুলে এই সুযোগটা থাকে না। আমি দুটি কলেজ ক্লাসে অংশ নিলাম বিনা বেতনে। দুটি ক্লাস আমাকে করতে হতো না এবং কলেজে আমাকে এর জন্য অর্থ পরিশোধ করতে হতো না।

আমি কলেজ ক্লাবে যোগ দিলাম।

আমি কলেজ নাউকে কতটা পছন্দ করেছি সেটা আমার গাইডেন্স কাউন্সিলরকে বললাম। তিনি আমাকে আমার স্কুলের একটি বিশেষ ক্লাস সম্পর্কে বললেন যার নাম "কলেজ ক্লাব"-যেটি ছাত্রছাত্রীদেরকে কলেজের জন্য প্রস্তুত হতে সাহায্য করে। কলেজ ক্লাব থেকে আমি অনেক কিছু শিখেছি! এটি কলেজে আবেদনের ক্ষেত্রে আপনার প্রয়োজনীয় সবকিছু করতে সাহায্য করবে। আমি বুঝি না এ ধরণের কোন ক্লাস না করে কিভাবে একজন কলেজে ভর্তি হতে পারে। আমার সৌভাগ্য যে আমার হাই স্কুলে সেই ক্লাসটি আছে। আমার বন্ধুদের অনেকে হাই স্কুলে গেছে যেখানে কোন কলেজ ক্লাব নেই। তাদেরও যদি এই সুযোগ থাকতো।

কলেজ ক্লাব শুরু হয়েছিলো SAT এক্সাম দিয়ে। এটা আসলে কি এবং কলেজ কেন চায় আমরা এটা করি সেটা আমাদের শিক্ষক ব্যাখ্যা করে বললেন। আমি একবার SAT এক্সাম-এ অংশ নিলাম কিন্তু ভালো করতে পারলাম না। আমাদের শিক্ষক দেখালেন কিভাবে এর জন্য পড়াশুনা করতে হয়। এই এক্সামের জন্য আমি বাড়িতে অনেক পড়াশুনা করলাম। আমি দ্বিতীয়বার SAT-এ অংশ নিলাম। দ্বিতীয়বার আমি কিছুটা ভালো করলাম কিন্তু খুব ভালো হলো না।

আমি কলেজের বেতন পরিশোধের জন্য সাহায্য চাইলাম।

তখন আমি জানলাম কলেজের বেতন পরিশোধ করতে অভিবাসীরা কিভাবে সরকার থেকে সাহায্য পেতে পারে। কলেজের বেতন দিতে আমার পরিবারের সাহায্যের প্রয়োজন। আমাদের অর্থ নেই। আমার শিক্ষক আমাদের সকলকে সরকারী ফর্ম দিলেন যেটি কলেজের বেতন পরিশোধ করতে যারা সাহায্য চায় তাদেরকে পূরণ করতে হবে। এটাকে বলে "FAFSA"। আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকলে অন-লাইনেই আপনি এটি পূরণ করতে পারেন।

আমরা ক্লাসে লম্বা সময় নিয়ে FAFSA পূরণ করলাম। এটি কঠিন ছিলো। আমাকে আমার বাবা মায়ের থেকে কিছু কাগজ নিতে হয়েছিলো। এবং তাদের জানুয়ারি মাসের ট্যাক্স পরিশোধ করা পর্যন্ত আমাকে অপেক্ষা করতে হয়েছিলো। আমার FAFSA পূরণ করা শেষ হলে আমাদেরকে ডেকে পাঠানো পর্যন্ত আমাদেরকে অনেকক্ষণ অপেক্ষা করতে হয়েছিলো।

আমি কিছু ভালো কলেজের সন্ধান পেয়ে গেলাম।

আমার কলেজ ক্লাব থেকে দেখানো হলো কিভাবে ভালো কলেজ খুঁজতে হয়। আমরা ইন্টারনেটে অনেক সময় নিয়ে কলেজ খুঁজলাম। আমরা কমিউনিটি কলেজ সম্পর্কেও জানলাম যেগুলি ৪-বছরের ডিগ্রির কলেজসমূহের তুলনায় কম ব্যয়সাপেক্ষ এবং যেখানে তুলনামূলকভাবে সহজে ভর্তি হওয়া যায় । আপনি পুরো-সময় স্কুল করলে এখানে সময় লাগবে ২ বছর। আমরা সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক সম্পর্কে জানলাম। শহর জুড়ে এর অধীনে কমিউনিটি কলেজ ও ৪-বছরের ডিগ্রির কলেজ আছে। তারা অভিবাসীদের প্রতি বন্ধুভাবাপন্ন।

আমি হান্টার কলেজে যেতে চেয়েছিলাম কারণ আমি সেখানে 'কলেজ নাউ' ক্লাস করতে যেতাম। কিন্তু, আমার শিক্ষক আমাকে আমার পছন্দের আরো কিছু কলেজ খুঁজতে বললেন কারণ আমি হান্টারে ভর্তি হওয়ার সুযোগ নাও পেতে পারি। অথবা আমি এমন কোনো স্কুল খুঁজতে পারি যেটা আমি ভালো মনে করি। আমাদের ক্লাসে বই আছে যাতে অনেক কলেজের তালিকা আছে এবং উল্লেখ করা আছে এগুলো কোন কোন বিষয়ে পড়ার জন্য ভালো। কোন স্কুলে কত খরচ সেটিও এই বইগুলোতে উল্লেখ করা আছে। এবং, সেখানে বলা আছে কোন স্কুলে ঢোকা কতটা কঠিন।

আমি কিছু স্কুল দেখলাম যেগুলোর জন্য আমার স্কুল গ্রেড যথেষ্ট ভালো। তবে আমার গ্রেড অন্য স্কুলগুলোর জন্য ভালো ছিলো না। আমার SAT স্কোরও আমার পছন্দের কলেজগুলোর জন্য যথেষ্ট কম ছিলো। কিন্তু, আমার শিক্ষক আমাকে বললেন যে আমার মান আমার গ্রেড ও টেস্ট স্কোর-এর চেয়েও ভালো। তিনি আমাকে বললেন যে আমি আমার কলেজের আবেদনপত্রে আমার সক্ষমতার কথা লিখতে পারি

শনিবার সকালে আমার শিক্ষক আমাদের সবাইকে একটি কলেজ সফরে নিয়ে গেলেন। কলেজের একজন ছাত্র আমাদেরকে কলেজ ঘুরিয়ে দেখালো। আমি স্কুল সম্পর্কে অনেক কিছু জানলাম। আমার বন্ধুদের কয়েকজন স্কুলটিকে পছন্দ করলো। কিন্তু আমার পছন্দ হলো না। আমার মনে হলো এটি খুব একটা বন্ধুভাবাপন্ন নয়। এটি ছিলো খুব ছোট এবং আমার দেশের কেউ সেখানে পড়ে না। আমি বরং হান্টার কলেজকে বেশি পছন্দ করলাম।

আমি কলেজগুলোতে আবেদন করলাম এবং আমি সেখানে গেলাম।

আমি নিশ্চিত ছিলাম যে আমি হান্টারেই যেতে চাই। কিন্তু, আমি আরো দুটি স্কুল পেলাম যেগুলো আমার ভালো লাগলো। আমি তিনটি কলেজেই আবেদনের সিদ্ধান্ত নিলাম। আমাকে অন-লাইনে তিনটি ভিন্ন আবেদন করতে হয়েছিলো। তবে, আবেদনগুলো মোটামুটি একই রকমের ছিলো। আমার শিক্ষক আমাকে দেখালেন অন-লাইনে ফর্ম পূরণের আগে কিভাবে কাগজে ফর্ম পূরণের অনুশীলন করতে হয়।

কলেজ আবেদনের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে নিজের সম্পর্কে রচনা। আপনাকে এটা ইংরেজিতে লিখতে হবে এবং একটি ভালো রচনা লিখতে হবে। কাজেই, আমার জন্য এটা ছিলো কঠিনতম অংশ। আমরা সবাই অনেক সময় নিয়ে রচনা লিখলাম। আমার শিক্ষক আমাকে বললেন যে আমার জীবন কাহিনী মজার এবং আমার কৃষ্টি গুরুত্বপূর্ণ। এ বিষয়টি আমার রচনায় তুলে ধরতে হবে। এর ওপর আমি অনেক পরিশ্রম করলাম।

তিনটি কলেজে আবেদন করার পর এবং আমার FAFSA পূরণ করার পর অনেক লম্বা সময় অপেক্ষা করতে হলো। কিন্তু, এরপরই আমি ভালো সংবাদ পেলাম। আমি হান্টার এর জন্য নির্বাচিত হলাম। এবং আমার পরিবার ৬ হাজার ডলার অর্থ সাহায্য পেলো সরকার থেকে। কলেজে প্রথম বছরের বেতন পরিশোধের জন্য এই পরিমান প্রায় যথেষ্ট ছিলো। আমি খুবই খুশি হলাম।

৩টি জিনিষ আমরা করেছি যেগুলি আপনিও করতে পারবেন।

1

আপনার চারপাশে এক দল মানুষ খুঁজে নিন যারা আপনার পরিবারকে সাহায্য করতে পারবে।

কলেজের জন্য প্রস্তুত হওয়া সহজ কাজ নয়। আপনাকে এটা একা করতে হবে না। আপনি কি ২ বা ৩ জন বন্ধু অথবা পরিবারের সদস্যদের কথা ভাববেন যারা আপনাকে সাহায্য করতে পারবে। আপনার বন্ধুদের কলেজ সম্পর্কে অনেক কিছু জানার প্রয়োজন নেই। তাদের কাজ হচ্ছে আপনার কথা শোনা, কিছু ছোট কাজ করতে আপনাকে সাহায্য করা এবং আপনার বন্ধু হওয়া যাতে আপনি সবকিছু একা করার চেষ্টা না করেন।

2

কিছু কলেজ সম্পর্কে জানতে আপনার সন্তানকে সঙ্গে নিয়ে সেগুলো ঘুরে দেখুন।

কিছু কলেজ ঘুরে দেখে এবং সেগুলো সম্পর্কে প্রশ্ন করে আপনি আমেরিকার কলেজ পদ্ধতি সম্পর্কে অনেক কিছু জানতে পারবেন। কলেজে যায় এমন বেশির ভাগ ছাত্রছাত্রীই হাই স্কুলে থাকা অবস্থাতে অনেক কলেজ ঘুরে দেখে। আপনি আপনার সন্তানকে এটা বোঝাতে তাকে নিয়ে একটা কলেজ ঘুরে আসতে পারেন। “এটাই তোমার জায়গা”।

3

আপনার সন্তানের জন্য সাহায্য চান।

যারা কলেজে যায় তারা প্রত্যেকে সেখানকার ছাত্র হতে সাহায্য ও পরামর্শ পায়। কিন্তু, আপনাকে এটা চাইতে হবে। কখনো কখনো এই সাহায্য চাওয়াটা সহজ হয়ে ওঠে না যখন আপনি ঐ ভাষায় কথা বলতে পারেন না। কিন্তু আপনাকে এটা পারতে হবে। এই নির্দেশনার ৩৯ পৃষ্ঠায় বলা আছে কিভাবে আপনার প্রয়োজনীয় সব কিছুর জন্য সাহায্য পাবেন।

কিভাবে কলেজের জন্য অর্থ পাওয়া যায়।

1

একটি ফর্ম পূরণ করুন যাকে বলে “FAFSA”।

সাধারণভাবে কলেজের বেতন পরিশোধের জন্য সাহায্যকে বলে “ফিন্যান্সিয়াল এইড” বা আর্থিক সাহায্য। এই আর্থিক সাহায্য পেতে আপনাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ যে জিনিষটি করতে হবে সেটা হচ্ছে FAFSA পূরণ করা। FAFSA অর্থ: ফ্রি এপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড। FAFSA পেতে বা তা ফেরত দিতে কোন ফি দিতে হয় না।

2

কলেজ চায় এমন অন্য যে কোন আর্থিক সাহায্যের ফর্ম পূরণ করুন।

অধিকাংশ কলেজেই বেতন পরিশোধে অভিভাবকদের সাহায্যের জন্য অর্থ রাখা আছে। FAFSA পূরণ করার পর, আপনার সন্তান আবেদন করছে এমন কলেজগুলোর প্রতিটির জন্য আপনাকে আর একটি ফর্ম পূরণ করতে হবে।

3

অন্য আরো কিছু বৃত্তি খুঁজুন যেগুলির জন্য আপনার সন্তান আবেদন করতে পারে।

বৃত্তি হচ্ছে কলেজের জন্য অর্থ যা আপনাকে ফেরত দিতে হবে না। আপনার সন্তান আবেদন করতে পারে এমন কিছু বৃত্তির তালিকা আপনি ইন্টারনেটে দেখতে পারেন।

4

আপনি সরাসরি কলেজে থেকে আরো সাহায্য চাইতে পারেন যেগুলো আপনার সন্তানের জন্য উপযোগী।

বাবা-মায়েরা চাইলে কখনো কখনো কলেজ থেকে আরো বেশি সাহায্য পেয়ে থাকেন। আপনার সন্তানকে উপযুক্ত মনে করবে কলেজে এমন কারো সংগে আপনি কথা বলতে পারেন।

1 FAFSA পূরণ করুন।

- **একবারে ৩ ধরণের আর্থিক সাহায্যের জন্য আবেদন করতে FAFSA পূরণ করুন।**

  - সরকারি মঞ্জুরি হচ্ছে কলেজের জন্য অর্থ যেটি আপনাকে ফেরত দিতে হবে না। আপনি কলেজের প্রত্যেক বছরের জন্য ১০ হাজার ডলার পর্যন্ত অর্থ পেতে পারেন। সবচেয়ে বড় দুটি মঞ্জুরি হচ্ছে "পেল মঞ্জুরি" এবং "TAP অ্যাওয়ার্ড"। TAP অ্যাওয়ার্ড পেতে FAFSA পূরণের পর আপনাকে আরো একটি ফর্ম পূরণ করতে হবে। সরকারি মঞ্জুরি পেতে আপনাকে হাই স্কুলে সর্বোচ্চ গ্রেডটি পেতে হবে না এই মঞ্জুরী নির্ভর করে পারিবারিক আয় ও ব্যয়ের ওপর।

  - ওয়ার্ক স্টাডি প্রোগ্রাম হচ্ছে 'অর্থ" যেটা কলেজের ছাত্রছাত্রীরা তাদের জন্য নির্ধারিত খুচরা কাজ করে মজুরি হিসেবে পায়। সরকার কলেজের বেতন পরিশোধে ছাত্রছাত্রীদের জন্য এ ধরণের কাজের সুযোগ সৃষ্টির করতে কলেজগুলোকে অর্থ দেয়। এই ধরণের চাকরিকে বলে "ওয়ার্ক স্ট্যাডি" চাকরি। এই চাকরিগুলো সাধারণত ক্যাম্পাসের অভ্যন্তরেই করতে হয়। ছাত্রছাত্রীরা দেখে তারা যে সব কলেজে ওয়ার্ক স্ট্যাডির জন্য আবেদন করেছিলো সেসব কলেজ থেকে জবাব পাচ্ছে কিনা। এরপর তারা স্কুল শুরু হলে ক্যাম্পাসে "ওয়ার্ক স্ট্যাডি" চাকরি খোঁজে।

  - ঋণ হচ্ছে অর্থ যেটা আপনি কলেজের বেতন পরিশোধ করতে কর্জ করবেন এবং অবশ্যই এটা আপনাকে অতিরিক্ত অর্থ দিয়ে পরিশোধ করতে হবে যাকে বলা হয় "ইন্টারেস্ট" বা সুদ। সরকার ছাত্রছাত্রী ও তাদের বাবা- মায়েদেরকে ঋণ দিয়ে থাকে কলেজের বেতন পরিশোধ করতে। যেসব কলেজে আপনার সন্তানেরা আবেদন করেছিলো সেসব কলেজ থেকে উত্তর এলে তারা দেখবে ঋণ পেয়েছে কিনা। কিন্তু আপনাকে ঋণ নিতে হবে না। আপনি ঋণ চাইলে আপনি ও আপনার সন্তানকে কলেজ ফিন্যান্সিয়াল এইড অফিসে যেতে হবে। আপনি ও আপনার সন্তানকে কাগজে স্বাক্ষর করতে হবে। আপনি ও আপনার সন্তানকে অতিরিক্ত অর্থ বা সুদ সহকারে ঋণ পরিশোধ করার জন্য প্রতিশ্রুতি দিতে হবে।

- **আপনি অন-লাইনে fafsa.ed.gov ঠিকানায় FAFSA পূরণ করতে পারবেন।** খেয়াল করবেন যে আপনি যে ওয়েবসাইটে যাবেন তার স্ক্রীনের উপরে "ed.gov" লেখা থাকবে। কখনো "FAFSA.com" অথবা অন্য কোন ওয়েবসাইটে যাবেন না।

- **FAFSA পূরণ করার পর, অবশ্যই "Optional Feature – Start your state application-এই লিংকটিতে ক্লিক করুন।"** এই লিংকটি আপনাকে নিউইয়র্ক স্টেট TAP অ্যাওয়ার্ড এর জন্য আবেদনের সূচনা করতে সাহায্য করবে।

- **বাবা-মায়ের বৈধ কাগজপত্র না থাকলেও যে সব ছেলেমেয়ে মার্কিন নাগরিক অথবা এ দেশের বৈধ স্থায়ী বাসিন্দা অথবা শরনার্থী/রাজনৈতিক আশ্রয়প্রার্থী তারা আর্থিক সাহায্য পাবে।** আর্থিক সহায়তা বাবা-মা নয়, সন্তানের অভিবাসন অবস্থানের ওপর নির্ভর করে।

- **যে সব ছেলেমেয়ে মার্কিন নাগরিক বা বৈধ স্থায়ী বাসিন্দা অথবা শরনার্থী/রাজনৈতিক আশ্রয়প্রার্থী নয় তারা অবশ্যই গাইডেন্স কাউন্সিলরের এবং যে সব কলেজে তারা আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছে সেখানকার ফিন্যান্সিয়াল এইড অফিসের কাছে সাহায্য চাইবে।**

- **FAFSA পূরণ করা কঠিন।** আপনাকে আপনার সন্তনের নাগরিকত্ব অথবা অভিবাসন অবস্থানের প্রমাণে কাগজ আনতে হবে। এবং আপনাকে আপনার ট্যাক্স রিটার্নের একটি কপি এবং আপনার পরিবারের আয়ের প্রমাণাদি দাখিল করতে হবে। আপনি যদি সরকার থেকে "পাবলিক এসিস্ট্যান্স" এর মাধ্যমে অর্থ পান অথবা যদি প্রতিবন্ধি হন সেক্ষেত্রে আপনাকে প্রয়োজনীয় কাগজের কপি আনতে হতে পারে। কিন্তু আপনি শুধুমাত্র একটি ফর্ম পূরণ করবেন এবং আপনার সন্তান যে সব কলেজে আবেদন করেছে সেখানে পাঠানো হবে এটি। FAFSA পূরনে সহযোগিতার জন্য আপনার সন্তানের হাই স্কুলকে বলুন।

- **আপনার সন্তানের ১২তম গ্রেডের জানুয়ারি মাসে FAFSA পূরণ করতে হবে** (এটিকে হাই স্কুলের 'সিনিয়র ইয়ার'-ও বলা হয়)। আপনি পরেও এটি পূরণ করতে পারেন কিন্তু এটা এ সময়েই পূরণ করা ভালো। আপনি যদি আপনার আয়কর রিটার্ণ না পেয়ে থাকেন, তবে তৈরি থাকলে আগের বছরের আয়কর রিটার্ন-ও সর্বশেষ তথ্যাদিও ব্যবহার করতে পারেন। কিছু আর্থিক সাহায্য দেওয়া হবে প্রথমদিকে আবেদনের ভিত্তিতে।

- **আপনার সন্তানের আবেদন করা কলেজসমূহ থেকে জবাব আসলে আপনি দেখবেন কি পরিমান আর্থিক সাহায্য আপনার পরিবার পাচ্ছে। আপনি আপনার সন্তান যে কলেজে ভর্তি হতে ইচ্ছুক সেখানকার ফিন্যানশিয়াল এইড অফিসে যেয়ে অতিরিক্ত সাহায্য চাইতে পারেন।** এর আগে আপনি মেইলে একটা চিঠিও পাবেন যেটা হচ্ছে "স্টুডেন্ট এইড রিপোর্ট"। আপনি এটা পাবেন FAFSA পূরণের কয়েক সপ্তাহ পর। নিশ্চিত করবেন যে 'স্টুডেন্ট এইড রিপোর্ট'এ দেওয়া সব তথ্যই সঠিক। এখানে কোন তথ্য ভুল থাকলে বা পাওয়া না গেলে, ফর্মে দেওয়া ফোন নম্বরে কথা বলুন এবং এ ব্যাপারে জানতে চান।

2 কলেজ চায় এমন অন্য ফিন্যান্সিয়াল এইড ফর্মও পূরণ করুন।

- **অনেক কলেজই স্কুলের বেতন পরিশোধের জন্য পরিবারদেরকে নিজস্ব বৃত্তি দিয়ে সাহায্য করে থাকে।** বৃত্তি হচ্ছে কলেজের দেওয়া অর্থ যেটা পরিশোধ করতে হয় না। FAFSA এর সাথে তারা আপনার সন্তানকে আরো একটি ফর্ম পূরণ করতে বলবে।

- **অনেক ব্যয়বহুল স্কুল হাজার হাজার ডলারের বড় অংকের বৃত্তিও দিয়ে থাকে।** এই বড় বৃত্তি দিয়ে কর্মজীবী পরিবারসমূহ সবচেয়ে ব্যয়বহুল স্কুলেরও খরচ যোগাতে পারে।

- **কলেজের অনেক বৃত্তি সেই সব ছাত্রছাত্রীই পায় যারা হাই স্কুলে খুব ভালো গ্রেড অর্জন করে।** তবে কিছু বৃত্তি এমন ছাত্ররাও পায় যাদের যথেষ্ট অর্থ নেই।

- **আপনার সন্তান যেসব কলেজে আবেদন করেছে সেখান থেকে জবাব এলে আপনি দেখতে পাবেন সে বৃত্তি পেয়েছে কিনা।** আপনি FAFSA তে আর্থিক সহায়তার জন্য যে আবেদন করেছিলেন সে বিষয়েও আপনি ঐ চিঠিতে জানতে পারবেন। কিছু কলেজ এসব তথ্যাদি অনলাইনে দেয় কিছু কলেজ চিঠি দিয়ে জানায়।

3 আপনার সন্তান আবেদন করতে পারে এমন অন্য বৃত্তিও দেখুন।

- **দাতব্য, বড় ব্যবসা, ইউনিয়ন, ধর্মীয় গোষ্ঠী এবং অন্যান্য প্রতিষ্ঠানও মাঝে মধ্যে ছাত্রছাত্রীদেরকে কলেজের বেতন পরিশোধের জন্য অর্থ সহায়তা দেয়।** এই সহায়তাগুলোকে কখনো কখনো বলে "প্রাইভেট" বৃত্তি কারণ এগুলো সরকার থেকে দেওয়া হয় না। আপনাকে এগুলো ফেরতও দিতে হবে না।

- **প্রাইভেট বৃত্তি পাওয়া সহজ নয়।** অধিকাংশ ছাত্রছাত্রীই এই প্রাইভেট বৃত্তি পায় না, কেউ কেউ পায়। আপনার পরিবারের যদি কলেজের জন্য অর্থের দরকার পড়ে, তাহলে কিছু প্রাইভেট বৃত্তি খুঁজে সেগুলোর জন্য আবেদন করা জরুরী। আপনার সন্তান যদি স্কুলে ভালো করে এবং বেশি করে লেখার চর্চা করে তবে বৃত্তি পাওয়া সহজ।

- **আপনার সন্তান হাই স্কুলে জুনিয়র বর্ষে থাকা অবস্থায় আবেদন করতে পারবেন এমন বৃত্তির সন্ধান করুন।** আপনার সন্তানের স্কুলে বৃত্তির সন্ধান করতে সহায়তা চাইতে পারেন। এবং আপনি এই ৩টি ওয়েবসাইটে (শুধু ইংরেজিতে) বৃত্তির একটা তালিকা পাবেন।

  1. নিউ ভিশন ফর পাবলিক স্কুলের **newvisions.org/pages/scholarship-opportunities** ওয়েবসাইটে নিউ ইয়র্ক সিটির ছাত্রছাত্রীদের জন্য বৃত্তির তালিকা দেওয়া আছে। আপনি google-এও চেষ্টা করতে পারেন। এই তালিকা পেতে "নিউ ভিশন স্কলারশীপ ফর নিউ ইয়র্ক সিটি স্টুডেন্টস" সার্চ করবেন।

  2. প্রাইভেট বৃত্তি খুঁজতে ছাত্রছাত্রীরা ফাস্টওয়েব স্কলারশীপ-এ সার্চ দিতে পারে। আপনি এখানে সার্চ দিয়ে এমন কিছু বৃত্তির সন্ধান পেতে পারেন যেগুলোর জন্য মার্কিন নাগরিকত্ব অথবা সিকিউরিটি নম্বরের দরকার পড়ে না। **fastweb.com** ভিজিট করুন।

  3. **Mexican American Legal Defense and Educational Fund** (MALDEF) এর নিজস্ব ওয়েবসাইটেও তাদের বৃত্তির একটি তালিকা আছে। কিছু বৃত্তি থাকে বৈধ কাগজপত্র নেই এমন ছাত্রছাত্রীদের জন্যে। **maldef.org** ওয়েবসাইটটি ভিজিট করে "Scholarships"এ ক্লিক করুন।

- **প্রতিটি বৃত্তির জন্য রয়েছে নিজস্ব আবেদন ফর্ম এবং নির্ধারিত তারিখ।** অধিকাংশ বৃত্তির ক্ষেত্রেই ছাত্রছাত্রিদেরকে একটি রচনা লিখতে হয় এবং একটি অথবা দুটি 'রিকমেন্ডেশন লেটার' পাঠাতে হয়। রিকমেন্ডেশন লেটার হচ্ছে সংক্ষিপ্ত একটি চিঠি যেটি কেন এই স্টুডেন্ট এর বৃত্তির দরকার সে সম্পর্কে শিক্ষক, গাইডেন্স কাউন্সিলর, নিয়ন্ত্রণকারী কর্মকর্তা, এবং পরিবারের বাইরের অন্য কেউ লিখে থাকেন।

- **অধিকাংশ বৃত্তির ক্ষেত্রেই আপনার সন্তানকে একটি রচনা লিখতে হবে।** বৃত্তির জন্য আবেদনের আগে তাদের উচিৎ রচনা লেখার চর্চা করা। আপনার সন্তান তার অনুশীলন রচনাটি লিখে গাইডেন্স কাউন্সিলর এবং শিক্ষকদেকে দেখিয়ে তাদের মতামত চাইতে পারে। আপনি প্রায়শই এই একই রচনা অন্যান্য স্কলারশীপের জন্য ব্যবহার করতে পারেন।

এখন থেকে অর্থ সঞ্চয় শুরু করুন!

আপনি কি কলেজের জন্য প্রতি সপ্তাহে কিছু ডলার করে সঞ্চয় করতে পারেন?

অধিকাংশ পরিবারের জন্যই অর্থ সঞ্চয় করা কঠিন। কিন্তু, সামান্য পরিমানে সঞ্চয়ও এখন আপনাকে কলেজের বেতন পরিশোধে সাহায্য করবে। কলেজের জন্য এই অর্থ সঞ্চয়টা মোটেই খুব আগেভাগে হচ্ছে না।

কলেজের জন্য অর্থ সঞ্চয়ে আপনাকে সহায়তা করতে নিউ ইয়র্ক স্টেট এর একটা বিশেষ সঞ্চয়ী হিসাব আছে, যেটি হচ্ছে "529 accounts"।

এই সঞ্চয়ী হিসাব 529 account-তে অর্থ রাখলে এটি সময়ের সঙ্গে সঙ্গে বাড়বে। এবং 529 account-এ অর্থ রাখলে আপনাকে প্রতি বছর কম আয়কর দিতে হবে। আপনি যদি এ দেশের নাগরিক হন বা সোস্যাল সিকিউরিটি নম্বর নিয়ে একজন বৈধ স্থায়ী বাসিন্দা হন সেক্ষেত্রে আপনি এই 529 account টি খুলতে পারেন। কিন্তু আপনি শুধুমাত্র কলেজেই এই 529 account থেকে অর্থ ব্যয় করতে পারবেন। আপনি অন্য কোথাও এই অর্থ ব্যয় করতে পারবেন না।

অভিবাসী পরিবারদেরকে তাদের অর্থ সংস্থানে এবং কর পরিশোধে নিউ ইয়র্ক সিটি নিখরচায় সহায়তা দিয়ে থাকে।

ফ্যামিলি বাজেট থেকে আপনি সাহায্য পেতে পারেন। বিনা খরচে অথবা স্বল্প খরচে ব্যাংক একাউন্ট খুলতে আপনি সহায়তা পেতে পারেন। সিটি আপনাদেরকে বলবে কলেজের জন্য অর্থ সঞ্চয়ে কিভাবে 529 account খোলা যায় সিটি আপনাদেরকে এও জানাবে কর পরিশোধে কোথায় নিখরচায় সাহায্য পাওয়া যাবে, অর্থ সংস্থান ও কর পরিশোধে সাহায্য পেতে 311 নম্বরে ফোন করুন।

4 আপনার সন্তানকে অনুমোদন করবে এমন প্রতিটি কলেজের কাছে আরো সাহায্য চান।

- **যেসব কলেজ আপনার সন্তানকে গ্রহণ করবে তারা আপনাকে একটি চিঠি দিয়ে জানাবে আপনার সন্তান কি পরিমান আর্থিক সহায়তা পাবে।** এই চিঠিতে বলা থাকবে আপনার পরিবারকে কত পরিশোধ করতে হবে। ভিন্ন কলেজের জন্য ভিন্ন পরিমাণ অর্থের প্রয়োজন হবে। আপনি নিজে থেকে যে সব প্রাইভেট বৃত্তির জন্য আবেদন করেছেন কলেজ সে সম্পর্কে জানতে চাইবে না। কাজেই, কলেজ ঐ সব বৃত্তির কোন অর্থ এই চিঠিতে অন্তর্ভুক্ত করবে না।

- **আপনি কলেজের ফিন্যান্সিয়াল এইড অফিসে ফোন করে এই চিঠিটার ব্যাখ্যা চাইতে পারেন।** চিঠিতে আপনার প্রয়োজনীয় টেলিফোন নম্বর দেওয়া থাকবে। আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলরও আপনাকে সহায়তা করতে সক্ষম হবে।

- **আপনি ও আপনার সন্তান কলেজের ফিন্যান্সিয়াল এইড অফিসে যেয়ে আরো সাহায্য চাইতে পারেন।** কেন আপনার পরিবারের আরো সহায়তা প্রয়োজন সেটি আপনি তাদেরকে জানাতে পারেন। অনেক সময়, কোন পরিবার এসে আর্থিক সয়াহতা চাইলে কলেজ কিছু বেশি অর্থ বরাদ্দ করতে পারে। আপনি একজন দোভাষীকেও সংগে নিতে পারেন। কেন আপনার পরিবার আরো সাহায্য চায় সে বিষয়টি আপনি তাকে কলেজকে জানাতে বলতে পারেন। যদিও নিজে যেয়ে দেখা করাই ভালো।

ঋণের বিষয়েও খোঁজ খবর রাখুন!

লোন হচ্ছে অর্থ যেটা কলেজের বেতন পরিশোধের জন্য ধার করবেন এবং অতিরিক্ত অর্থ বা "ইন্টারেস্ট" সহকারে অবশ্যই ফেরৎ দিবেন।

আপনার প্রয়োজন সর্বনিম্ন "ইন্টারেস্ট রেট" বা সুদ হারের ঋণ। ৪% সুদের লোনের তুলনায় 5% সুদের লোন নিলে আপনাকে অনেক কম অর্থ পরিশোধ করতে হবে। এবং আপনি চাইবেন না আপনার সন্তান কলেজ থেকে গ্রাজুয়েট হওয়া এবং কলেজ থেকে ডিগ্রি নিয়ে ভালো উপার্জন না করা পর্যন্ত এই সুদ বাড়তে থাক। ঋণ সংক্রান্ত কাগজে সই করার আগে এ বিষয়টি সম্পর্কে জানুন।

সবচেয়ে ভালো কলেজ ঋণটিকে বলে "federal direct subsidized" ঋণ।

সব ঋণের মধ্যে এর সুদের হারই সবচেয়ে কম। ফেরত দেওয়াও ক্ষেত্রেও এটি সবচেয়ে কম ব্যয়সাপেক্ষ। এর পরই সবেচেয়ে ভালো ঋণটি হচ্ছে "Perkins" ঋণ। আপনার সন্তান FAFSA ফর্মে এই "federal direct subsidized" ঋণ ও "Perkins" ঋণের জন্য আবেদন করতে পারে। কলেজ থেকে ডিগ্রি নেওয়ার আগ পর্যন্ত ছাত্রছাত্রীদেরকে এই ঋণ ফেরত দিতে হবেনা। কিন্তু স্কুল ছেড়ে গেলে এই ঋণ পরিশোধ শুরু করতে হবে। দূর্ভাগ্যবশত, বৈধ কাগজপত্র নেই এমন ছাত্রছাত্রীরাও এই ঋণ পায়। সব কলেজে এই Perkins ঋণের ব্যবস্থা নেই।

ছাত্রছাত্রী ও বাবা-মায়েদের জন্য অন্য ধরণের ঋণের ব্যবস্থা আছে।

কিন্তু "direct subsidized" অথবা "Perkins" ঋণের মতো অন্য ঋণগুলো অতটা ভালো না। বাবা-মায়েদের জন্য ঋণ ছাত্রছাত্রীদের জন্য ঋণের চেয়ে ব্যয়বহুল কারণ সেখানে সুদ হার বেশি। এখানে সুদ সাধারণত শুরু থেকেই যোগ হতে থাকে, যেখানে ছাত্রছাত্রীদের ক্ষেত্রে এই সুদ যোগ হতে থাকে তাদের গ্রাজুয়েট হওয়ার পর।

কলেজের বেতন পরিশোধের ক্ষেত্রে ঋণ একটি খুবই ভালো উপায় কিন্তু আপনাকে জানতে হবে আপনি কি করছেন।

প্রত্যেক কলেজ থেকে জেনে নিন কি পরিমান ছাত্রছাত্রী গ্রাজুয়েট হওয়ার পর ঋণ পরিশোধ করতে সমস্যায় পড়েছে। ঋণ নেওয়ার জন্য সই করার আগে কি পরিমাণ সুদ আপনাকে পরিশোধ করতে হবে সেটা নিশ্চিত হোন। একই সঙ্গে, আরো জেনে নিন কখন থেকে আপনাকে বা আপনার সন্তানকে ঋণ পরিশোধ শুরু করতে হবে। আপনি কি এই সামর্থ্য রাখেন? আপনি ঋণপত্র না বুঝলে সাহায্য চান।

USA তে কলেজের ক্ষেত্রে আপনার যা যা জানা দরকার।

আপনার সন্তান কলেজে যেতে পারবে। সব অভিবাসীই নিউ ইয়র্কে কলেজে যেতে পারবে এমন কি বৈধ কাগজ নেই এমন ছাত্রছাত্রীরাও। ভিন্ন ভিন্ন ধরণের ছাত্রছাত্রীদের জন্য ভিন্ন ভিন্ন কলেজ প্রোগ্রাম রয়েছে। কলেজে ঢুকতে আপনাকে আপনার হাই স্কুলের সেরা স্টুডেন্ট হতে হবে ন। আপনার শুধু দরকার একটি হাই স্কুল ডিপ্লোমা অথবা একটি GED/HSE ডিপ্লোমা। কিন্তু, হাই স্কুলের একটি ভালো ডিগ্রি থাকলে আপনার সন্তান অনেক কলেজেই ভর্তির সুযোগ পাবে এবং সে কলেজের বেতন পরিশোধে বেশি সাহায্য পাবে।

আপনার সন্তানের জন্য ভালো কলেজ আছে এবং আপনি সেগুলো খুঁজে পাবেন। কিন্তু অনেকের জন্যই বিশেষ করে এদেশে যারা নতুন অভিবাসী তাদের জন্য পদ্ধতিটি অনুধাবন করা শক্ত। এবং সন্তানকে ভিন্ন ভিন্ন কলেজে সম্পর্কে জানতে অনেকটা সময় ব্যয় করতে হবে। তাহলেই আপনার সন্তানের জন্য সবচেয়ে উপযোগী কলেজটিতে আবেদন করতে পারবেন।

যখন আপনি কলেজের পড়া শেষ করবেন তখন আপনি ডিগ্রি নিয়ে গ্রাজুয়েট হবেন। বিভিন্ন ধরণের কলেজ ডিগ্রি আছে। সবচেয়ে চালু ডিগ্রিটা হচ্ছে কলেজের ৪-বছরের ব্যাচেলর'স ডিগ্রি এবং কলেজের ২-বছরের এসোসিয়েট'স ডিগ্রি। ২-বছরের কলেজ ডিগ্রিটিকে "কমিউনিটি কলেজেস"-ও বলা হয়।

২-বছরের কলেজ ডিগ্রির বেলায় প্রায়ই ভালো মানের চাকরির প্রশিক্ষণ ক্লাস থাকে যেটা ছাত্রছাত্রীদেরকে সুনির্দিষ্ট চাকরি পেতে সাহায্য করে। কর্মজীবী ছাত্রছাত্রীদের জন্য রাতে এবং সাপ্তাহিক ছুটির দিনেও ক্লাস থাকে।

আপনি একটি ২-বছরের কলেজে শুরু করতে পারেন এবং গ্রাজুয়েট ডিগ্রি পেয়ে ৪-বছর এর কলেজে চলে যেতে পারেন। অনেক ছাত্রছাত্রীই যারা ৪-বছর এর ডিগ্রিটি নিতে চায় তারা একটি ২-বছরের কলেজে শুরু করার জন্য প্রস্তুত থাকে। তারা বেশি অর্থ সাশ্রয় করতে পারে কেননা ২-বছরের কলেজগুলো ৪-বছরের কলেজের তুলনায় কম খরচের। কলেজের জন্য আবেদনের সময় ২- বছরের কলেজে কিভাবে শুরু করা যায় সে নিয়ে আলোচনা করা ভালো।

অধিকাংশ ছাত্রছাত্রীই কমিউনিটি কলেজ শেষ করতে ২ বছরের বেশি সময় নেয়। কমিউনিটি কলেজ থেকে ২ বছরে গ্রাজুয়েট করতে আপনাকে পূর্ণ-সময় পড়তে হবে। আপনাকে আপনার সব কলেজ ক্লাসে পাশ করতে হবে। এবং কলেজে আপনার শুরুর সময় আপনাকে অবশ্যই কলেজে ভালো করার জন্য প্রস্তুত হতে হবে। কলেজে শুরুর পূর্বে কলেজ ক্লাসের জন্য ছাত্রছাত্রীদেরকে প্রস্তুত করতে কোন কোন কমিউনিটি কলেজের বিশেষ প্রোগ্রাম থাকে।

কিছু কলেজ আপনাকে ১৮ মাসে ডিগ্রি দেওয়ার ও একই সঙ্গে এসোসিয়েট'স ডিগ্রি ও একটি GED ডিগ্রি দেওয়ার প্রতিশ্রুতি দেবে। এবং এই প্রতিশ্রুতি স্বাভাবিকভাবেই মিথ্যা কিছু কলেজ তৈরিই হয়েছে তাদের মালিকের অর্থ উপার্জনের অভিপ্রায়ে। এই ধরণের কলেজকে বলে "ফর প্রফিট"। অথবা "প্রপ্রিয়েটারি" তারা তাদের ছাত্রছাত্রীদেরকে প্রতিশ্রুতি দেয় ঠিকই কিন্তু এগুলো সঠিক নয় এবং আপনি তাদের বিষয়ে খুব সতর্ক থাকবেন। কিছু পরিবার এ ধরণের স্কুল দ্বারা প্রতারিত হয়েছে। কলেজ তার প্রতিশ্রুতি পূরণ করবে এটা নিশ্চিত করতে আপনাকে প্রশ্ন করতে হবে। আপনি প্রত্যেক কলেজের এডমিশন অফিসের কাছে জানতে চাইতে পারেন এটা "ফর প্রফিট" কি না। আপনি জিজ্ঞাসা করতে পারেন: আপনাদের অধিকাংশ ছাত্রছাত্রী ডিগ্রি নিয়ে গ্রাজুয়েট হয় নাকি শুধুমাত্র কয়েকজন এই ডিগ্রি পায়? আপনাদের এখানকার অধিকাংশ ছাত্রছাত্রী তাদের পঠিত বিষয়ের ওপর চাকরি পায় নাকি মুষ্টিমেয় কয়েকজন তাদের পড়া বিষয়ের ওপর ভালো চাকরি পায়? কতজন ছাত্রছাত্রী গ্রাজুয়েট হওয়ার পর ঋণ পরিশোধ করতে সমস্যায় পড়ে?

২-বছর এর ডিগ্রিধারীদের তুলনায় ৪-বছর এর ডিগ্রিধারীরা বেশী উপার্জন করেন। তাঁরা তখনই বেশি উপার্জন করেন যখন তাঁরা তাদের ক্ষেত্রে বেশি শেখেন এবং অভিজ্ঞতাও বেশি থাকে। তখন তাঁরা উচ্চ-পর্যায়ের চাকরি পান যেখানে বেতন বেশি।

২-বছর এর কলেজের তুলনায় ৪-বছর এর কলেজ ব্যয়বহুল এবং সেখানে ঢোকাও কঠিন। ৪-বছরের কলেজে ঢুকতে হাই স্কুল ছাত্রদের অপেক্ষাকৃত ভালো গ্রেড ও বেশি টেস্ট স্কোর থাকতে হয়। ২-বছর এর কলেজের তুলনায় তাদেরকে ৪-বছরের কলেজে বেশি পড়তে ও লিখতে হয়। তাদের শিক্ষাটা ব্যাপক হবে কারণ তারা বেশি বিষয়ের ওপর ক্লাস করবে। ২-বছরের কলেজে ছাত্র-ছাত্রীরা স্বাভাবিকভাবেই কম বিষয়ের ওপর ক্লাস করে।

উচ্চতর ডিগ্রি যেমন মাস্টার'স ডিগ্রি, মেডিকেল ডিগ্রি অথবা ল ডিগ্রির জন্য পড়াশুনা করতে আগে আপনাকে নিতে হবে ৪-বছর এর ডিগ্রি।

কলেজের ছাত্রছাত্রীরা একটা কোর্সের পড়াশুনার ওপর জোর দেয় যাকে বলে "মেজর"। ছাত্রছাত্রীরা অধিকাংশ ক্লাস-ই করে তাদের মেজর এর ওপর, সব ক্লাস নয়। উদাহরনস্বরুপ, আপনি নার্সিং এর ওপর এসোসিয়েট'স ডিগ্রি নিতে পারেন। সেক্ষেত্রে আপনার অধিকাশ ক্ল্যাসই হবে নার্সিং এর ওপর কিন্তু সব ক্ল্যাস নয়। অথবা, আপনি একটি ৪-বছরের কলেজে অংকের ওপর ব্যাচেলর'স ডিগ্রির জন্য পড়তে পারেন এবং এ ক্ষেত্রে আপনাকে অন্য সব বিষয়ের তুলনায় অংকের ওপরই বেশি ক্লাস করতে হবে।

নিউ ইয়র্ক সিটিতে অনেক অভিবাসীর জন্যই CUNY একটি ভালো পছন্দ। CUNY অর্থ সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক। গোটা শহরে CUNY 'র অনেক ৪-বছর ও ২-বছর এর কলেজ আছে। CUNY'র কলেজগুলোতে খরচ অন্য কলেজের খরচের তুলনায় কম। কিন্তু, সেখানে অনেক চমৎকার সব মেজর ও বিশেষ সব প্রোগ্রাম রয়েছে। অনেক অভিবাসীই CUNY'র কলেজে যায়। অভিবাসীদের প্রতিও CUNY বন্ধুভাবাপন্ন। বিশেষ করে যাদের বৈধ কাগজপত্র নেই সেই সব ছাত্রছাত্রীদের কলেজ অনুসন্ধানের জন্য CUNY একটি বড় মাপের জায়গা। CUNY'র ওয়েবসাইট হছে **cuny.edu**।

নিউ ইয়র্ক স্টেটে SUNY একটি ভালো পছন্দ। SUNY অর্থ স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক। SUNY'র অধিনে অনেক ৪-বছর ও ২-বছর এর কলেজ রয়েছে। এর অধিকাংশেরই অবস্থান নিউ ইয়র্ক সিটির বাইরে নিউ ইয়র্ক স্টেটের অন্য অংশে। SUNY'র কলেজগুলোতে খরচ CUNY 'র কলেজের মতোই খরচের তুলনায় সামান্য বেশি এবং এখানেও পছন্দ করার মতো অনেক মেজর ও প্রোগ্রাম আছে। SUNY'র ওয়েবসাইট হচ্ছে **suny.edu**।

ইন্টারনেটে কলেজ খুঁজুন।

আপনার সন্তানকে বিভিন্ন কলেজ সন্ধান করতে অন-লাইনে সময় ব্যয় করতে হবে। এই সন্ধান শুরু করতে তিনটি ওয়েবসাইট আছে:

দি কলেজ বোর্ড এর জন্য
collegeboard.org - অথবা bigfuture.collegeboard.org

পিটারসন'স কলেজ এর ক্ষেত্রে
petersons.com
ওয়েবসাইটে যেয়ে সার্চ করুন।

ইউএস নিউজ এন্ড ওয়ার্ল্ড রিপোর্ট কলেজ র‍্যাঙ্কিংস এর জন্য
usnews.com/education ওয়েবসাইটে যান।

আপনার সন্তানের জন্য ভালো কলেজ খোঁজার ৬টি উপায়।

1 **আপনার সন্তানকে কলেজের ব্যাপারে তার ধারণা নিয়ে ভাবতে সাহায্য করুন।**
কলেজে আপনি ও আপনার সন্তান কি প্রত্যাশা করেন। আপনি যখন জানবেন কলেজে আপনি কি চান এবং কি চান না তখন আপনার কাছে ভালো কলেজ খোঁজাটা সহজ হয়ে যাবে।

2 **প্রতি বছর আপনার সন্তানকে নিয়ে কলেজ ভিজিট করে আসুন।**
কলেজ ঘুরে দেখলে আপনি ভিন্ন ভিন্ন ধরণের কলেজ সম্পর্কে অনেক কিছু জানতে পারবেন। অনেক প্রশ্ন করুন। কলেজের ছাত্র এবং সেখানে কাজ করেন এমন ব্যক্তিদের কাছ থেকে পরামর্শ নিন।

3 **আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর ও শিক্ষকদের কাছে প্রশ্ন করুন।**
তারা কিছু ভালো কলেজ সম্পর্কে জেনে থাকতে পারেন যেগুলো আপনার সন্তানের আগ্রহ ও সক্ষমতার সঙ্গে খাপ খায়।

4 **আপনার সন্তানকে নিয়ে একটা "কলেজ ফেয়ার" এ যান।**
কলেজ মেলায়, বহু ধরণের কলেজ যোগ দেয় এবং হাই স্কুল ছাত্রছাত্রীদের সংগে সাক্ষাৎ হয়। পরবর্তী কলেজ মেলা কবে অনুষ্ঠিত হবে সে বিষয়ে আপনার সন্তানের স্কুলে জেনে নিন।

5 **পাবলিক লাইব্রেরীতে কলেজ সংক্রান্ত বই খুঁজুন।**
আপনি কলেজে যেয়ে "কলেজ গাইড" দেখতে চাইতে পারেন। এগুলোর অধিকাংশই ইংরেজিতে কিন্তু কিছ পাবেন স্প্যানিশ ভাষায়।

6 **কলেজের ওয়েবসাইটগুলো ভিজিট করুন।**
অধিকাংশ কলেজেরই নিজস্ব ওয়েবসাইট আছে। কিছু ওয়েবসাইট আছে যেখানে অনেক কলেজ সম্পর্কে তথ্য দেওয়া আছে। কিন্তু এগুলোর অধিকাংশই ইংরেজিতে।

কলেজের ব্যাপারে আপনার সন্তানের ধারণা।

কলেজের সন্ধান শুরু করার ভালো পন্থা হচ্ছে কলেজটিতে আপনার কি প্রত্যাশা সেটি জানা। আপনার সন্তান কলেজে কি চায় সেটা ভাবার ব্যাপারে তাকে সাহায্য করতে আপনি নিচের প্রশ্নগুলো ব্যবহার করতে পারেন। তাছাড়া তারা কি প্রত্যাশা করে না সে সম্পর্কেও। এসব প্রশ্নের কিছু কিছুর উত্তর তার জানা না থাকলেও কোন সমস্যা নেই। এবং এসব প্রশ্নের কোনো কোনাটার উত্তর সময়ের সঙ্গে পরিবর্তন হলেও কোন সমস্যা নেই।

আপনার সন্তান কি এসব প্রশ্নের উত্তর একটা কাগজে লিখেছে। এসব প্রশ্ন ও উত্তর নিয়ে আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলরের সঙ্গে কথা বলতে পারেন। তাদেরকে কলেজের মেলায় ও কলেজ ভিজিটকালে সঙ্গে নিন।

আপনি কি পড়তে চান এবং কেন?

- আপনি বর্তমানে কোন কোন বিষয়ে ভালো?
- কী কী বিষয় পড়তে আপনি সবচেয়ে মজা পান।
- কী কী বিষয় সম্পর্কে আপনি আরো জানতে চান?

এই বিষয়গুলোর ওপর খুব ভালো এমন কলেজ খুঁজুন।

আপনি কি ধরনের পেশা বেছে নিতে চান?

- কলেজ থেকে গ্রাজুয়েট হওয়ার পর আপনি জীবনে কি করতে চান?
- আপনার কি কোন পেশাগত লক্ষ্য আছে যেমন নার্স হওয়া, সিনেমা বানানো, মানুষজনকে বাড়ি ফিরতে সাহায্য করা, NYC সাবওয়েতে কাজ করা, শিক্ষক হওয়া অথবা নিজস্ব রেস্তরাঁ দেওয়া?
- আপনার কি কোন স্বপ্নের চাকরি আছে যেটা আপনি সত্যিই করতে চান?
- এমন আর কি কোন চাকরি আছে যেটা আগামী কয়েক বছরের মধ্যে নিজেই যোগাড় করে নিতে পারবেন?

এ ধরণের চাকরি পেতে সাহায্য করবে এমন কলেজের সন্ধান করুন।

আপনি কি ২-বছর এর কলেজ, ৪-বছর এর কলেজ নাকি উভয়ের জন্যই চেষ্টা চালাতে চান?

- কেন আপনি ২-বছর এর স্কুল অথবা ৪-বছর এর স্কুল পছন্দ করেন?

এমন কলেজের সন্ধান করুন যেটিতে আপনার সন্তানের চাহিদামাফিক ডিগ্রি প্রোগ্রাম থাকবে।

আপনি কোথা থেকে কলেজে করতে চান?

- আপনি কি বাড়িতেই থাকবেন এবং নিউ ইয়র্ক সিটির স্কুলে যাওয়ার পরিকল্পনা করছেন?
- আপনি কি নিউ ইয়র্ক সিটির বাইরে কিন্তু কাছাকাছি কোন কলেজে যাওয়ার কথা ভাবছেন? অথবা বাড়ি থেকে অনেক দূরে?
- আপনি কি বড় শহরের নাকি দেশের গ্রামীণ এলাকার একটি কলেজে যেতে চান?

আপনি যেখানে যেতে চান সেখানকার কোনো কলেজের সন্ধান করুন।

কলেজ সংক্রান্ত অন্য আর কি বিষয়াদি আপনার কাছে গুরুত্বপূর্ণ?

- আপনি কি এমন কোনো কলেজে যেতে চান যেটি শুধুই মেয়েদের জন্য?
- আপনি কে এমন কোনো কলেজে পড়তে চান যেখানে অধিকাংশ ছাত্রছাত্রী ও ফ্যাকাল্টি আফ্রিকার ঐতিহ্যের?
- আপনি কি এমন কলেজে যেতে চান যেখানে অনেক ল্যাতিনো পড়ে যারা স্প্যানিশভাষী?
- আপনি কি ক্লাসের একমাত্র অভিবাসী হতে চান নাকি অন্য দেশ থেকে আসা অরো ছাত্রছাত্রীদের সঙ্গে থাকতে চান?
- আপনি কি ৫০ হাজার স্টুডেন্ট আছে এমন বড় স্কুলে পড়তে চান নাকি ৫ হাজার স্টুডেন্টের ছোট স্কুলে পড়তে চান?
- আপনি কি এমন কোন কলেজে যেতে চান যেখানে আপনি একটা খেলায় অংশ নিতে চান বা ক্লাবের অংশ হতে চান?
- আপনার কলেজের বিষয়ে আর কি কি জিনিষ আপনার কাছে গুরুত্বপূর্ণ?

এমন কলেজ খুঁজুন যেখানে আপনার জন্য গুরুত্বপূর্ণ কিছু আছে।

আপনার সন্তানকে নিয়ে কলেজ ভিজিট করুন।

নিজে যেয়ে দেখলে আপনি কলেজ সম্পর্কে আরো বেশি জানতে পারবেন। অধিকাংশ ছাত্রছাত্রীই যারা এখন কলেজে যায় তারা ১১তম ও ১২তম গ্রেডে থাকাকালীন সময়ে কিছু কলেজ ঘুরে দেখেছে। কেউ কেউ নবম ও দশম গ্রেডে থাকাকালীন সময়েও কলেজ ভিজিট করেছে। এর ফলে তারা কোন স্কুলের জন্য উপযুক্ত সে সিদ্ধান্ত নিতে পারে।

কলেজ ভিজিট আপনার সন্তানকে হাই স্কুলে ভালো করতে এবং কলেজের জন্য প্রস্তুতি নিতে সাহায্য করবে। এটা আপনি বলতে আপনার সন্তানকে কলেজ ক্যাম্পাসে আনতে পারেন। "এটাই তোমার জায়গা"। আপনি জানতে চাইতে পারেন আপনার সন্তানের এখন কি করা উচিৎ যাতে ভবিষ্যতে সে কলেজে ঢুকতে পারে।

আপনি যত বেশি কলেজ ভিজিট করবেন ততই ভালো। যত শীঘ্র সম্ভব কলেজ ভিজিট করা একটা ভালো আইডিয়া। হাই স্কুলে থাকাকালীন সময়ে বছরে ২ থেকে ৩টি কলেজ ভিজিটের চেষ্টা করুন। আপনি অবশ্যই ভিন্ন ভিন্ন ধরণের কলেজ দেখবেন। চেষ্টা করবেন ২-বছর এর এবং ৪-বছর এর কলেজ ভিজিট করতে। বড় ও ছোট উভয় ধরণের কলেজই দেখবেন। বাড়ির কাছাকাছি ও অনেক দুরের কলেজ সবই দেখা উচিৎ। নিউ ইয়র্ক সিটির বাইরের কলেজগুলো দেখতে আপনি বাস বা ট্রেনে যেতে পারেন।

ইংরেজিতে সাহায্য নিতে কাউকে সঙ্গে নিন।

একজন বন্ধুকে সঙ্গে নিন তার আপনার সন্তানের সমবয়সী সন্তান সহ। আপনি ও আপনার সন্তান তাদের প্রশ্ন ও আইডিয়া সম্পর্কে শুনে অনেক কিছু জানতে পারবেন। ভিজিটের পর আপনি অন্য ব্যক্তিদের সঙ্গে কলেজ সম্পর্কে কথা বলুন।

ভিজিট ঠিক করতে কলেজের ওয়েসাইট ব্যবহার করুন। আপনার সন্তান অনলাইনে যেয়ে কলেজ ভিজিট সম্পর্কে ধারণা নিতে পারবে। কলেজ ভিজিটকে বলা হয় "ক্যাম্পাস ট্যুরস" বা "ক্যাম্পাস ভিজিটস"। কিছু কলেজের জন্য দিন ধার্য্য করা আছে যেদিন যে কেউ ঐ কলেজ ভিজিট করতে পারে। অন্য কলেজগুলো আপনার জন্য দিন ঠিক করে দেবে। অধিকাংশ কলেজ ভিজিটই ১ বা ২ ঘন্টা স্থায়ী হয়। ট্যুরগুলি সাধারণত কলেজের স্টুডেন্টদের নেতৃত্বে হয়ে থাকে।

আপনার সন্তানের "আইডিয়াস ফর কলেজ" এর সংগে কলেজের সামঞ্জস্য আছে কিনা সেটা জানতে প্রশ্ন করুন। কলেজের "ওয়েলকাম সেন্টার" অথবা "ভিজিটর'স সেন্টার" থাকতে পারে যেখানে আপনি কলেজ সম্পর্কে আরো বেশি প্রশ্ন করতে পারেন। "এডমিশনস অফিস"-এ কাজ করেন এমন কারো সঙ্গেও আপনি কথা বলার চেষ্টা করতে পারেন। এডমিশন অফিস সিদ্ধান্ত নেবে হাই স্কুলের কোন ছাত্রছাত্রীরা কলেজে ভর্তি হতে পারবে।

ভিজিটের পর, অবশ্যই আপনার সন্তানকে এ বিষয়ে যথেষ্ট প্রশ্ন করতে ভুলবেন না। তারা কি বললো এবং কি শুনলো? তারা কি পছন্দ করলো এবং কি পছন্দ করলো না? এই কলেজটি অন্য কলেজগুলোর তুলনায় কতটা ভালো বা কতটা খারাপ?

আপনার সন্তান এলিমেন্টারি বা মিডল স্কুলে থাকলে কি করতে হবে।

আপনার সন্তানের জন্য কলেজ নিয়ে চিন্তা শুরু করার এটাই সঠিক সময়। এখানে কিছু বিষয় আছে যেটা আপনি করতে পারেন।

- **আপনি আপনার সন্তানের সঙ্গে কলেজ নিয়ে অনেক আলোচনা করতে পারেন।** তাদেরকে বলুন যে আপনি চান তারা স্কুলে থাকুক এবং হাই স্কুল থেকে গ্রাজুয়েট হোক। তাদেরকে বলুন যে আপনি চান তারা কলেজে যাক। তারা হাই স্কুল ও কলেজ সম্পর্কে কি ভাবছে সেটা শুনুন।
- **আপনি আপনার সন্তানকে নিয়ে ১ বা ২-বছর এর কলেজ ভিজিট করতে পারেন।** শুনুন তারা প্রত্যেক কলেজ সম্পর্কে কি ভাবছে।
- **কলেজের জন্য আপনি বিশেষ সঞ্চয় একাউন্টে অর্থ সঞ্চয় করতে পারেন।** এই একাউন্টকে বলা হয় "529 একাউন্টস"। আপনার যে কোন পরিমানের সঞ্চিত অর্থ ভবিষ্যতে আপনার সন্তানের কলেজের জন্য প্রয়োজনে অনেক কাজে আসবে।
- আপনার সন্তান স্কুলে কেমন করছে সে ব্যাপারে আপনি 'প্যারেন্ট-টিচারস কনফারেন্স'এ যোগ দিয়ে শিক্ষকদের সঙ্গে কথা বলতে পারেন। আপনি শিক্ষকদেরকে বলতে পারেন যে আপনি চান আপনার সন্তান কলেজে যাক।
- আপনি স্কুলকে জিজ্ঞাসা করতে পারেন যে হাই স্কুলের জন্য প্রস্তুতি নিতে সেখানে আপনার সন্তানের জন্য কোন অতিরিক্ত সাহায্যের ব্যবস্থা আছে কি না।
- **আপনার সন্তান যে স্কুলে পড়ে সেখানে যাওয়ার আগে আপনি সেখানে একজন দোভাষী চাইতে পারে।** আপনি 311 নম্বরে ফোন করলে স্কুলের ফোন নম্বর পাবেন। আপনি স্কুল থেকে আপনার নিজস্ব ভাষায় লেখা একটি লিখিত তথ্য চাইতে পারেন।

হাই স্কুল থেকে গ্রাজুয়েট করতে আপনার সন্তানের কি করা প্রয়োজন

আপনার সন্তান হাই স্কুল থেকে গ্রাজুয়েট করতে পারে এবং একটা হাই স্কুল ডিপ্লোমা পেতে পারে। তাদেরকে কঠোর পরিশ্রম করতে হবে, ক্লাসের পরীক্ষায় পাশ করতে হবে, এবং 'রিজেন্টস' এক্সাম নামে বিশেষ ধরণের বড় টেস্টে অংশ নিতে হবে। গ্রাজুয়েট হতে শুধু হাই স্কুলে যাওয়াই যথেষ্ট নয়।

আপনার সন্তানের প্রয়োজন হাই স্কুল থেকে ডিপ্লোমা নেওয়া অথবা কলেজে ভর্তি হতে GED/HSE নেওয়া। হাই স্কুল থেকে গ্রাজুয়েট করতে আপনার সন্তানের প্রয়োজন ৪৪ "ক্রেডিট"। আপনার সন্তানকে ৫টি 'রিজেন্টস এক্সামস'- এ পাশ করতে হবে।

ক্রেডিটস

গ্রাজুয়েট করতে আপনার সন্তানের প্রয়োজন স্কুলে বিশেষ কিছু বিষয়ে ৪৪ ক্রেডিট অর্জন করা। ক্রেডিটস হচ্ছে পয়েন্টের মতো এবং আপনি এটি অর্জন করবেন হাই স্কুলে ক্লাসের পরীক্ষায় পাশ করে। কিছু ক্রেডিট নিতে হবে অংক এবং বিজ্ঞানের মতো বিষয়ে, এবং কিছু ক্রেডিট নিতে হবে জিম ক্লাসেও-যাকে বলা হয় শারীরিক শিক্ষা। আপনার সন্তান একটি ক্রেডিট অর্জন করবে অনেক ক্লাসের জন্য, কিন্তু সে ক্রেডিটের মাত্র একটি অংশ পাবে কিছু ক্লাসের জন্য, যেমন শারীরিক শিক্ষা। আপনার সন্তানের জন্য প্রয়োজনীয় ক্রেডিটের একটি মূল তালিকা এখানে দেওয়া হলো:

বিষয়	প্রয়োজনীয় ক্রেডিটস	এসব ক্রেডিটস এর নিয়মাবলী
ইংলিশ	৮ ক্রেডিটস	
সোশ্যাল স্টাডিজ	৮ ক্রেডিটস	"গ্লোবাল হিস্ট্রি"-তে ৪ ক্রেডিটস, "ইউনাইটেড স্টেটস হিস্ট্রি"তে ২ ক্রেডিটস, "গভর্নমেন্ট"এ ১ ও "ইকনোমিকস"এ ১ ক্রেডিট প্রয়োজন।
ম্যাথ	৬ ক্রেডিটস	জিওমেট্রি অথবা অ্যালজাবরা II এবং "ট্রিগনোমেট্রি"র মতো অ্যাডভান্সড ম্যাথ ক্লাসে অন্তত ২ ক্রেডিটস পাওয়া দরকার।
সায়েন্স	৬ ক্রেডিটস	"লিভিং এনভায়রনমেন্ট" এর মতো "লাইফ সায়েন্স"-এ ২ ক্রেডিটস, "কেমিস্ট্রি" বা "আর্থ সায়েন্স" এর মতো "ফিজিক্যাল সায়েন্স"-এ ২ ক্রেডিটস পাওয়া প্রয়োজন।
ইংলিশ ছাড়া অন্য ভাষা	২ ক্রেডিটস	
ভিজুয়াল আর্টস, মিউজিক, ড্যান্স অথবা থিয়েটার	২ ক্রেডিটস	
ফিজিক্যাল এডুকেশন (জিম ক্লাস)	৪ ক্রেডিটস	
হেলথ	১ ক্রেডিট	
ইলেকটিভ কোর্সেস	৭ ক্রেডিটস	"ইলেকটিভ" এর মধ্যে দ্বিতীয় ভাষা হিসেবে ইংলিশ, এক্সট্রা আর্টস বা এক্সট্রা ম্যাথ এর মতো কিছু বিষয়ে অগ্রসর ক্লাস এবং কিছু বিষয়ে বাড়তি ক্লাস।

*এই বিভাগের তথ্যাদি ২০১৪ সালের জুন পর্যন্ত চলমান।

ক্রেডিটস সম্পর্কে বিস্তারিত বুঝতে আপনি ও আপনার সন্তান আপনার গাইডেন্স কাউন্সিলর, অথবা আপনার এসিসটেন্ট প্রিন্সিপ্যাল বা প্রিন্সিপ্যালের কাছ থেকে সাহায্য নিতে পারেন। আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর আপনাকে বলতে পারবেন আপনার সন্তানের কি পরিমাণ ক্রেডিট আছে এবং এরপরও তার কোন্ ক্রেডিটসগুলো প্রয়োজন। গাইডেন্স কাউন্সিলর এসব ক্রেডিট অর্জনে পরিকল্পনা করতে আপনাকে সহায়তা করতে পারবেন।

ক্লাশের পরীক্ষায় পাশ করেই শুধুমাত্র আপনার সন্তান ক্রেডিট অর্জন করতে পারবে। ক্লাশ পাশ করতে, আপনার সন্তানকে ক্লাসে ৬৫% বা তার বেশি স্কোর করতে হবে এবং তাকে তার হোম ওয়ার্কের বিষয়ে কঠোর পরিশ্রম করতে হবে ও নিয়মিত ক্লাসে যেতে হবে। আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর ও শিক্ষক আপনাকে বলতে পারবেন আপনার সন্তান ক্লাসে কতটা ভালো করছে। কিছু স্কুলে "এডলিন" এর মতো কম্পিউটার প্রোগ্রাম ব্যবহার করা হয়, যার মাধ্যমে আপনি দেখতে পারবেন আপনার সন্তান কেমন করছে। আপনি আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর'কে এ বিষয়ে জিজ্ঞাসা করতে পারেন।

আপনার সন্তান যদি আপনার নিজের দেশে থাকতে স্কুলে যেয়ে থাকে, সেক্ষেত্রে কিছু ক্রেডিট তার হাই স্কুল ডিপ্লোমার ক্ষেত্রে যোগ হবে। যদি আপনার সন্তান নিজ দেশে নবম, দশম, একাদশ বা দ্বাদশ গ্রেডে স্কুলে যেয়ে থাকে, তবে তার গাইডেন্স কাউন্সিলরের থেকে জেনে নিন এসব ক্লাস থেকে সে কোন ক্রেডিট পাবে কি না।

ক্রেডিট এ পিছিয়ে থাকলেও আপনার সন্তানের গ্রাজুয়েট করার সম্ভাবনা আছে। আপনার সন্তান যদি ক্রেডিট এ পিছিয়ে থাকে, সে বেশি ক্রেডিট অর্জন করতে তার ২১ বছর বয়স পর্যন্ত স্কুলে থাকতে পারবে। তার বয়স ২১ এর বেশি হয়ে গেলে GED/HSE এর মাধ্যমে তার দ্বিতীয় একটি সুযোগ থাকবে।

রিজেন্টস এক্সামস

হাই স্কুল থেকে গ্রাজুয়েট করতে অধিকাংশ ছাত্রছাত্রীকে পাঁচটি ভিন্ন রিজেন্টস এক্সাম পাশ করতে হবে। ছাত্ররা ক্লাসে কি পাঠ নেয় রিজেন্টস এক্সামস-এ সেই পরীক্ষাটা নেওয়া হয় । রিজেন্টস টেস্ট নেওয়া হয় ক্লাসের শেষে যেটাতে বোঝা যায় টেস্টে কি থাকে। রিজেন্টস এক্সাম পাশ করতে ছাত্রছাত্রীদের ৬৫ বা তার বেশি নম্বর পেতে হয়।

অধিকাংশ CUNY স্কুলের ক্ষেত্রেই ছাত্রছাত্রীদেরকে ইংলিশ রিজেন্টস-এ ৭৫ বা তার বেশি পেতে হবে এবং দুটি ম্যাথ রিজেন্টস-এ ৭৫ বা তার বেশি সেই সঙ্গে ৮০ বা তার বেশি পেতে হবে, এতে বোঝা যাবে যে তাঁরা কলেজ ভর্তি জন্য প্রস্তুত। আপনার সন্তান পাশ করতে ৬৫% এর কম পেলে তার জন্য বাড়তি ক্লাসের প্রয়োজন হতে পারে।

এই ৫টি রিজেন্টস এক্সাম অবশ্যই হতে হবে নির্দিষ্ট কিছু বিষয়ের ওপর। নিয়মিত ডিপ্লোমা বা "রিজেন্টস ডিপ্লোমা" পেতে আপনার সন্তানকে অবশ্যই ইংলিশ, সোস্যাল স্ট্যাডিজ, ম্যাথ ও সায়েন্স-এর ওপর রিজেন্টস এক্সাম-এ পাশ করতে হবে। যে সব রিজেন্টস-এ তাদেরকে অবশ্যই পাশ করতে হবে সেগুলো হচ্ছে:

1. **কম্প্রিহেনসিভ ইংলিশ রিজেন্টস এক্সাম** (ইংরেজিতে পড়া ও লেখার ওপর একটি টেস্ট যেটা প্রায়ই ১১তম গ্রেডে প্রথম বারের মতো নেওয়া হয়)
2. **গ্লোবাল হিস্ট্রি রিজেন্টস** (সাধারণত দুই বছর সময় লাগে এমন একটি ক্লাসে বিশ্ব ইতিহাসের ওপর একটি টেস্ট)
3. **ইউনাইটেড স্টেটস হিস্ট্রি এন্ড গভর্নমেন্ট রিজেন্টস** (USA এর ইতিহাসের ওপর একটি টেস্ট)
4. **ম্যাথ: আপনার সন্তানকে নিচের তিনটি টেস্টের একটিতে পাশ করতে হবেঃ**
   - ইন্টিগ্রেটেড অ্যালজাবরা
   - জিওমেট্রি
   - অ্যালজাবরা 2/ট্রিগনোমিট্রি
5. **সাইয়েন্স: আপনার সন্তানকে নিচের তিনটি টেস্টের একটিতে পাশ করতে হবে:**
   - লিভিং এনভায়রনমেন্ট
   - কেমিস্ট্রি
   - আর্থ সায়েন্স
   - ফিজিক্স

*এই বিভাগের তথ্যাদি ২০১৪ সালের জুন পর্যন্ত চলমান।

আপনার সন্তান একাদশ বা দ্বাদশ গ্রেডে উপনীত হলে তাকে সবকটি রিজেন্টস এক্সাম নিতে হবে না। আপনার সন্তান যদি নিউ ইয়র্ক স্টেটে প্রথম বারের মতো একাদশ গ্রেডে হাই স্কুল শুরু করে, তবে তাকে গ্রাজুয়েট করতে গ্লোবাল হিস্ট্রি রিজেন্টস এক্সাম দিতে হবে না। যদি সে দ্বাদশ গ্রেডে হাই স্কুল শুরু করে তবে তার গ্লোবাল হিস্ট্রি রিজেন্টস এক্সাম বা সায়েন্স রিজেন্টস এক্সাম দিতে হবে না। এসব এক্সাম থেকে অব্যাহতি পেতে আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর এর সঙ্গে কথা বলুন।

অধিকাংশ রিজেন্টস এক্সাম চীনা, হাইতিয়ান, ক্রিওল, কোরিও, রুশ ও স্প্যানিশ ভাষায় নেওয়া হয়। যদি এমন হয় যে আপনার সন্তান এখনো ইংরেজি শিখছে সেক্ষেত্রে আপনার গাইডেন্স কাউন্সিলর থেকে জেনে নিন রিজেন্টস এক্সাম চলাকালে এসব টেস্ট সম্পর্কে বুঝতে আপনার সন্তান কি ধরণের সাহায্য পেতে পারে।

আপনার সন্তান রিজেন্টস এক্সাম এর সময় "একোমোডেশনস" নামে এক ধরণের বাড়তি সাহায্য পেতে পারে। আপনার সন্তান আরও যা পেতে পারে:

- এক্সাম দিতে বাড়তি সময় পাবে
- একটি অপেক্ষাকৃত ছোট কক্ষে পরীক্ষা দিতে পারবে
- ইংরেজি শব্দের অনুবাদের জন্য শব্দকোষ ব্যবহার করতে পারবে
- নিজের বাড়িতে কথা বলে এমন ভাষায় জোরে শব্দ করে পড়ে কিছু এক্সাম দিতে পাড়বে।

রিজেন্টস এক্সাম সত্যিই গুরুত্বপূর্ণ এবং এগুলো অবৈতনিক। রিজেন্টস এক্সামগুলো আপনার সন্তানের স্কুলে নেওয়া হয়। কলেজ ছাত্রদের জন্য যেসব পরীক্ষা নেয়, রিজেন্টস এক্সাম তার থেকে আলাদা। অধিকাংশ কলেজের ক্ষেত্রেই হাই স্কুলের ছাত্রছাত্রীদেরকে স্কলাসটিক এপটিটিউড টেস্ট বা SAT পরীক্ষায় অংশ নিতে হয় অথবা অংশ নিতে হয় ACT তে ।

রিজেন্টস এক্সাম-এ পাশ করতে আপনার সন্তানকে অনেক পড়াশুনা করতে হবে। রিজেন্টস এক্সামগুলো বেশ কঠিন। আপনার সন্তান চটপটে, আপনার বিশ্বাস সে পারবে- এসব কথা বলে আপনি আপনার সন্তানকে সাহায্য করতে পারবেন। পরীক্ষায় খুব ভাল ফল করতে আপনার সন্তানের যেন তার রিজেন্টস পরীক্ষার সপ্তাহটিতে ভালো ঘুম হয় এবং সে যেন পুষ্টিকর খাদ্য খায় আপনাকে সেটা অবশ্যই নিশ্চিত করতে হবে। আপনার সন্তান রিজেন্টস এক্সাম-এ পাশ করতে কিভাবে বাড়তি সাহায্য পেতে পারে সে ব্যাপারে আপনার সন্তানের শিক্ষক ও গাইডেন্স কাউন্সিলর থেকে জানতে পারেন।

আপনার সন্তান যদি রিজেন্টস এক্সাম-এ পাশ করতে ব্যর্থ হয় সেক্ষেত্রে সে পুনরায় চেষ্টা করতে পারে।
আপনার সন্তান অনেকবারই রিজেন্টস এক্সাম এ অবতীর্ণ হতে পারে। এ ব্যাপারে কিভাবে আরও সাহায্য পেতে পারেন সে বিষয়ে আপনার সন্তানের শিক্ষক ও গাইডেন্স কাউন্সিলর থেকে জানতে পারেন।

আপনার সন্তান তার রিজেন্টস এক্সামগুলোতে কেমন ফল করছে তা আপনি দেখতে পারেন।
আপনার সন্তান রিজেন্টস এক্সামগুলোতে পাশ করেছে কি না তা তার শিক্ষক ও গাইডেন্স কাউন্সিলর থেকে জেনে নিন।

আপনার সন্তান যদি রিজেন্টস এক্সাম-এ পাশের কাছাকাছি ফল করে সেক্ষেত্রে তার জন্য আর একটি উপায় আছে যেটা হচ্ছে "অ্যাপিল"। আপনি অ্যাপিল করতে পারবেন কি না তা আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর থেকে জেনে নিন।

অন্যান্য ডিপ্লোমা

"রিজেন্টস ডিপ্লোমা" ছাড়াও অন্য ধরণের ডিপ্লোমা আছে যেটা আপনি হাই স্কুলে পেতে পারেন। এগুলোর জন্য ভিন্ন ভিন্ন চাহিদা আছে। অন্য ধরণের ডিপ্লোমা যেমন অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা এবং লোকাল ডিপ্লোমা ।

রিজেন্টস ডিপ্লোমা পাওয়ার চেয়ে অ্যাডভান্সড ডিপ্লোমা পাওয়া কঠিন। আপনার সন্তান অ্যাডভান্সড ডিপ্লোমা পেতে পারে যদি সে সুনির্দিষ্ট ক্লাসে বাড়তি ক্রেডিট পায় এবং ম্যাথ, সায়েন্স, এবং একটি বিদেশী ভাষায় অতিরিক্ত রিজেন্টস এক্সামে অংশ নিয়ে পাশ করতে পারে।

লোকাল ডিপ্লোমা প্রধানত প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের জন্য। আপনার সন্তান যদি কোন ভাবে প্রতিবন্ধী হয় তবে আপনার গাইডেন্স কাউন্সিলরের সঙ্গে কথা বলে জেনে নিন গ্রাজুয়েট করতে আপনার সন্তানের কি করতে হবে। এক্ষেত্রে শর্তগুলি ভিন্ন।

GED/HSE ডিপ্লোমা সেই সব ছাত্রছাত্রীদের জন্য যারা তাদের ২১ বছর বয়সের মধ্যে রিজেন্টস অথবা অ্যাডভান্সড রিজেন্টস বা লোকাল ডিপ্লোমা অর্জনের শর্ত পূরণ করতে অক্ষম হবে এবং তাদের জন্য যারা কখনোই স্কুলে যায়নি। আপনার সন্তানের বয়স যদি ১৭ থেকে ২১ এর মধ্যে হয়ে থাকে তবে আপনি আপনার গাইডেন্স কাউন্সিলর থেকে "প্যাথওয়ে টু গ্রাজুয়েশন" সম্পর্কে জেনে নিতে পারেন যেটি আপনার সন্তানকে GED/HSE এর জন্য প্রস্তুত করতে পারবে। আপনার সন্তানের বয়স যদি একুশের বেশি হয় তবে তার GED/HSE এর প্রস্তুতিতে সাহায্যের জন্য অফিস অফ অ্যাডাল্ট এন্ড কন্টিনিউইং এডুকেশন এর তত্ত্বাবধানে ক্লাসের ব্যাপারে তথ্য নিতে আপনি আপনার গাইডেন্স কাউন্সিলর এর সাহায্য নিন অথবা ৩১১ ডায়াল করুন।

আরও তথ্য

কলেজের জন্য আরও ভালোভাবে প্রস্তুতি নিতে আপনার সন্তান বাড়তি ক্রেডিটস বা বাড়তি রিজেন্টস এক্সাম নিতে পারে। আপনার সন্তান এই ক্রেডিটস ও রিজেন্টস এক্সাম সেই সব ক্লাস নিতে পারে যেখানে তারা কলেজে যেসব বিষয় পড়তে চায় তা শেখে। তারা AP ক্লাস নামে একটি বিশেষ ক্লাসেও অংশ নিতে পারে। AP হচ্ছে অ্যাডভান্সড প্লেসমেন্ট। আপনার সন্তান AP এক্সামস এ অংশ নিয়ে দেখাতে পারে সে AP ক্লাশে কী কী শিখেছে এবং সে কলেজের জন্য প্রস্তুত। কিন্তু গ্রাজুয়েট করতে আপনার সন্তানের AP ক্লাস করার বা AP এক্সাম-এ অংশ নেওয়ার প্রয়োজন হবে না। কলেজে ভর্তি হতে বেশি প্রস্তুতির জন্য কী কী ক্লা করতে হবে সেটা আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর থেকে জেনে নিতে পারেন।

আপনার সন্তান যদি প্রস্তুত থাকে তবে সে মিডল স্কুলে রিজেন্টস এক্সাম এ অংশ নিতে পারে। মিডল স্কুলে রিজেন্টস এক্সাম এ অংশ নেওয়াটা হাই স্কুল গুরুত্ব দিবে। আপনার সন্তান প্রস্তুত কি না তা খতিয়ে দেখতে তার শিক্ষক বা গাইডেন্স কাউন্সিলর সাহায্য করতে পারেন।

গুরুত্বপূর্ণ শব্দাবলী যেগুলো জানতে হবে

এডুকেশনাল অপরট্যুনিটি প্রোগ্রাম।

কলেজের বেতন পরিশোধ ও সেখানে ক্লাসে ভালো করতে ছাত্রছাত্রীদের জন্য অতিরিক্ত সাহায্য করে। অধিকাংশ কলেজেই 'এডুকেশনাল অপরট্যুনিটি প্রোগ্রাম' আছে, কিন্তু আপনাকে এটি কলেজের অবেদনে চাইতে হবে। এবং প্রায়ই অন্য একটি ফর্ম জমা দেয় আপনার সন্তানের আগ্রহের কলেজগুলোতে এই প্রোগ্রাম সম্পর্কে জেনে নিন। CUNY তে বছর কলেজে, এই প্রোগ্রামকে বলে "SEEK" এবং CUNY ২-বছর এর কলেজগুলোতে এই প্রোগ্রামকে বলে "কলেজ ডিসকভারী" অথবা "CD" । প্রাইভেট কলেজে একে বলে "HEOP" । অন্য একটি ভালো প্রোগ্রাম হচ্ছে "ASAP"।

ফিন্যান্সিয়াল এইড

কলেজের বেতন পরিশোধে পরিবারদের সাহায্য করুন। সরকার, অনেক কলেজ এবং অন্য অনেক উৎস থেকে পাওয়া মুক্ত অর্থ থাকে কলেজে। কলেজের ছাত্রছাত্রীদের জন্য ঋণ ও বিশেষ চাকরির ব্যবস্থাও থাকে। কলেজের বেতন পরিশোধে সাহায্যের জন্য FAFSA এবং কলেজের নির্ধারিত অন্য কোন ফর্ম পূরণ করুন।

ফিন্যান্সিয়াল প্লানিং

আপনার গুরুত্বপূর্ণ কাজের জন্য যাতে যথেষ্ট অর্থ উদ্বৃত্ত থাকে সেটি বিবেচনায় নিয়ে আপনার উপার্জিত অর্থ আপনার পরিবার কিভাবে ব্যয় করবে সে ব্যাপারে একটি পরিকল্পনা তৈরি করুন। শুরু করুন একটি বাজেট তৈরি করে। বাজেট হচ্ছে সারা মাসে আপনার মোট উপার্জন এবং বিভিন্ন কাজে ব্যয়ের একটি তালিকা। আপনি যখন জানবেন প্রত্যেক মাসে আপনার উপার্জিত অর্থ ঠিক কোথায় ব্যয় হচ্ছে তখন বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজে আপনার অর্থ সাশ্রয় সহজ হয়ে যাবে। কলেজের জন্য আপনার আর্থিক পরিকল্পনা এখনই তৈরি করুন।

GED/HSE

GED অর্থ জেনারেল এডুকেশন ডিভেলপমেন্ট। HSE অর্থ হাই স্কুল এর সমমান। মূলত একই বিষয়ের দুটি ভিন্ন নাম। যারা স্কুল থেকে বাদ পড়ে যায় অথবা কখনোই স্কুলে যায়নি এটি তাদের জন্য একটি ভিন্ন ধরণের হাই স্কুল ডিপ্লোমা। এটা অভিবাসীদের জন্য যারা ২১ বছর উত্তীর্ন হয়ে যাওয়ার কারণে স্কুলে যাওয়ার যোগ্যতা হারায়। GED/HSE ডিপ্লোমা অর্জনের জন্য আপনাকে অবশ্যই ৫-পার্ট পরীক্ষায় পাশ করতে হবে। GED এই এক্সাম করতে আপনি আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলরকে সঙ্গে নিয়ে যেয়ে অথবা 311 তে ফোন করে ফ্রি ক্লাসের জন্য সাইন আপ করতে পারেন।

হাই স্কুল গ্রাজুয়েশন রিকয়ারমেন্টস

হাই স্কুল ছাত্রছাত্রীদেরকে ৪৪ ক্রেডিট পেতে অবশ্যই যথেষ্ট ক্লাস পাশ করতে হবে। প্রতি সেমিস্টারে অধিকাংশ ক্লাস শেষে নুন্যতম ৬৫% এর ফাইনাল গ্রেড পেয়ে একজন ছাত্র ১ ক্রেডিট পায়। নুন্যতম ৬৫% বা তার বেশি নিয়ে ফাইনাল গ্রেড পেলে বলা যাবে একটা ক্লাস "পাসিং" হলো। ছাত্রছাত্রীদেরকে অবশই ৫টি বড় পরীক্ষায় পাশ করতে হবে যাকে বলে "রিজেন্টস এক্সামস"। ইংরেজি, অংক, বিজ্ঞান, গ্লোবাল হিস্ট্রি ও ইউএস হিস্ট্রিতে রিজেন্ট এক্সাম রয়েছে। আপনার সন্তানের স্কুলেই রিজেন্টস এক্সাম নেওয়া হয় এবং এগুলো অবৈতনিক। গ্রাজুয়েট করতে আপনার সন্তানকে কি করতে হবে সে নিয়ে আপনার গাইডেন্স কাউন্সিলরের সঙ্গে কথা বলুন।

SAT এক্সাম

SAT অর্থ স্কলাস্টিক অ্যাপ্টিট্যুড টেস্ট। অধিকাংশ কলেজেই কলেজে ভর্তির আগে হাই স্কুল ছাত্রছাত্রীদেরকে SAT পরীক্ষা দিতে বলা হয়। অধিকাংশ কলেজই আপনাকে বলে দিবে সেখানে ভর্তির জন্য আপনাকে SAT-এ কত স্কোর করতে হবে। অধিকাংশ ছাত্রছাত্রীই তাদের ১১ এবং/অথবা ১২তম গ্রেডে SAT পরীক্ষা দেয়। এ ছাড়াও কিছু কলেজের ক্ষেত্রে অন্য টেস্টে প্রয়োজন হয় যেমন SAT II টেস্ট অথবা SAT সাবজেক্ট টেস্ট SAT পরীক্ষা খুব শক্ত। অধিকাংশ ছাত্রছাত্রীই এর জন্য পড়ার পিছনে অনেক সময় ব্যয় করে। আপনার সন্তান তার ১০ম ও ১১তম গ্রেডে অনুশীলন SAT টেস্টে অংশ নিতে পারে যাকে বলে PSAT। SAT এর মতো আরো একটি এক্সাম আছে যেটি কিছু কিছু কলেজে প্রয়োজন হয়। এটিকে বলে ACT। কলেজই আপনাকে বলে দিবে কোন টেস্ট ছাত্রছাত্রীদেরকে নিতে হবে।

TOEFL এক্সাম

আপনার সন্তান যদি অন্য কোন দেশ থেকে গ্রাজুয়েট করে এবং কলেজে পড়াশুনা করতে U.S আসে, অথবা যদি ইংরেজি ভাষা শেখার পর্যায়ে থাকে এবং এ দেশে নবাগত হয়, সেক্ষেত্রে তারা একটি টেস্টে অংশ নিতে পারে যাকে বলা হয় TOEFL। আপনার সন্তান যদি ইংরেজি ভাষা শিক্ষার্থী হয় এবং যুক্তরাষ্ট্রের কোন কলেজ থেকে গ্রাজুয়েট করে, সেক্ষেত্রে SAT এক্সাম এবং TOEFL এক্সাম – দুটিতেই অংশ নিতে পারে। TOEFL আপনার সন্তানের ইংরেজিতে দক্ষতার মাত্রা পরিমাপ করবে। TOEFL এক্সামে একটি ভালো স্কোর কলেজকে দেখাবে যে সে এই কলেজের জন্য তৈরি।

যে সব প্রশ্ন আপনাকে করতে হবে।

আপনার সন্তানের হাই স্কুলে

1. গ্রাজুয়েট করতে আপনার সন্তানকে কি করতে হবে?
2. গ্রাজুয়েট করতে আমার সন্তানের জন্য কি বাড়তি সাহায্যের ব্যবস্থা আছে?
3. স্কুল কিভাবে আমার পরিবারকে কলেজের জন্য প্রস্তুতি নিতে সাহায্য করবে। সেখানে কি বিশেষ ক্লাস বা অন্য কোন সাহায্য আছে?

কলেজ ভিজিট বা একটি কলেজ মেলায়।

1. এই কলেজে ঢুকতে আমার সন্তানের গ্রেড কতটা ভালো হতে হবে?
2. হাই স্কুলে আমার সন্তানকে কী ধরণের ক্লাস করতে হবে?
3. হাই স্কুলে কোন এক্সামটি আমার সন্তানকে নিতে হবে?
   আপনার কলেজে ভর্তি হতে তাদেরকে এক্সামে কত বেশি স্কোর করতে হবে?
4. আপনার কলেজে ভর্তি হতে আমার সন্তানকে হাই স্কুলে আর কী কী করতে হবে?
5. কলেজের বেতন পরিশোধে আমরা কত আর্থিক সাহায্য পাওয়ার আশা করতে পারি?
6. অধিকাংশ ক্লাসে কতজন করে ছাত্রছাত্রী থাকে?
7. ছাত্রছাত্রীরা কি ক্যাম্পাসে থাকে, বাসায়, বা অন্য কোথাও?
8. কলেজের কি এমন কোন ক্লাস আছে যেটা সবার জন্য বাধ্যতামুলক? ইংরেজি, অংক, বিজ্ঞান, ভাষা?
9. কতজন ছাত্রছাত্রী ঠিক সময়ে গ্রাজুয়েট করে?
10. কতজন ছাত্রছাত্রী গ্রাজুয়েট করার পর তাদের ঋণ পরিশোধ করতে সমস্যায় পড়ে?
11. নতুন ছাত্রছাত্রীদেরকে বাড়তি সাহায্য দিতে আপনাদের কি "এডুকেশনাল অপরট্যুনিটি প্রোগ্রাম" বা অন্য বিশেষ প্রোগ্রাম আছে? এটি পেতে আমার সন্তানকে কি করতে হবে?
12. কলেজে থাকাকালীন সময়ে আমার সন্তানের সহায়তায় কোন প্রোগ্রাম আছে কিনা?

আপনার পরিবারের জন্য সর্বোচ্চ সাহায্য নিন।

কলেজে যারা যায় তারা প্রত্যেকেই সেখানে ভর্তি হতে কিছু সাহায্য ও পরামর্শ পায়। কলেজের জন্য প্রস্তুত হতে আপনার সন্তান সর্বোচ্চ সাহায্যের দাবীদার।

আপনার সন্তানের স্কুলের ব্যক্তিদের থেকে সহায়তা চান।

আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর অথবা অ্যাডভাইজারের সঙ্গে কথা বলুন। জেনে নিন কলেজ বিষয়ে সাহায্য করতে আপনার সন্তানের স্কুলে দায়িত্বপ্রাপ্ত কে আছেন। কোন কোন সময় এ কাজটি করে থাকেন গাইডেন্স কাউন্সিলর, কখনো এটি অন্য কেউ করে থাকেন– যেমন কোন শিক্ষকও দায়িত্ব প্রাপ্ত হতে পারেন। গ্রাজুয়েট করতে এবং কলেজের জন্য প্রস্তুতি নিতে আপনার সন্তানকে কি করতে হবে সে ব্যাপারে জিজ্ঞাসা করুন। আপনি তাদের শিক্ষকের কাছে কলেজের ব্যাপারে পরামর্শও চাইতে পারেন। ভিন্ন ভিন্ন কলেজের ব্যাপারে জিজ্ঞাসা করতে পারেন।

অন্যান্য বাবা-মায়েদের সঙ্গেও কথা বলতে পারেন।

তাদের সন্তানদেরও কলেজের জন্য প্রস্তুত হতে সাহায্যের প্রয়োজন! আপনি অন্য বাবা-মায়েদের সঙ্গেও একটা টিম হিসেবে কাজ করতে পারেন। আপনারা একত্রে প্রিন্সিপ্যালকে অ্যালিস'স কলেজ ক্লাব এর ন্যায় ক্লাস শুরু করতে বলতে পারেন।

স্কুলের বাইরেও আপনি সহায়তা খুঁজতে পারেন।

শেষ পৃষ্ঠায় আপনি একটি কমিউনিটি অর্গানাইজেশন দেখবেন যেটি আপনার পরিবারকে কলেজের জন্য প্রস্তুতি নিতে সহায়তা করবে। আপনার বাসস্থানের নিকটে কলেজ কাউন্সেলিং বা প্রিপারেশন প্রোগ্রাম থাকতে পারে। আপনার সন্তানের নামে www.nyc collegeline.org– এই ঠিকানায় লগ অন করুন এবং কারও থেকে জেনে নিন এ বিষয়ে কে সাহায্য করতে পারেন। আপনি ন্যাশনাল কলেজ অ্যাক্সেস প্রোগ্রাম ডিরেক্টরি'র ওয়েবসাইটেও সাহায্য পাবেন। "ফাইন্ড এ প্রোগ্রাম"-এ ক্লিক করুন এবং আপনার জিপ কোড টাইপ করুন। এটি আপনার বাড়ির কাছাকাছি কিছু প্রোগ্রামের একটি তালিকা দেখাবে। আপনি এই ওয়েবসাইটটি প্রিন্সিপ্যালকে দেখাতে পারেন:
collegeaccess.org/accessprogramdirectory/

স্মরণ রাখবেন

আপনার সন্তানের ফ্রি হাই স্কুল এডুকেশন নেওয়ার অধিকার আছে। সব অভিবাসী ছাত্রছাত্রীই তাদের ২১ বছর না হওয়া পর্যন্ত বিনা খরচে হাই স্কুলে শিক্ষা নিতে পারে। নাগরিক, বৈধ স্থায়ী বাসিন্দা ও যেসব সন্তানদের বৈধ অভিবাসন অবস্থান বা স্টেইটাস নেই তারা হাই স্কুলে যেতে পারে। এমনকি যদি আপনার সন্তান এক বা দুই ক্লাসে অকৃতকার্য্যও হয় তারপরও তারা ২১ বছর বয়স অবধি স্কুলে পড়তে পারে। এবং ২১ বছরে পড়লে তারা স্কুল বর্ষ শেষ করতে পারে।

ইংরেজি শেখার সময়ে যে সব ছেলেমেয়ে এই ভাষা জানে না তারা তাদের মাতৃভাষায় এই ক্লাস করতে পারে। কিন্তু সব ছাত্রছাত্রীকে হাই স্কুল থেকে গ্রাজুয়েট করতে অবশ্যই একটি ইংরেজি টেস্টে পাশ করতে হবে যাকে বলা হয় "রিজেন্টস ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস এক্সাম"।

ইংরেজি ক্লাসে যাওয়া প্রয়োজন এমন সব ছাত্রছাত্রীরই ২১ বছরে পদার্পণ না করা পর্যন্ত অধিকার আছে অবৈতনিক ক্লাস করার।

আপনার সন্তানের স্কুলে শিক্ষক ও অন্য স্টাফদের সংগে কথা বলায় সাহায্য নিতে একজন দোভাষী পাওয়ার অধিকার আপনার আছে। স্কুলে যাওয়ার আগে সেখানে ফোন করে একজন দোভাষী চান। আপনার সন্তানের স্কুলের ফোন নম্বর খুঁজে পেতে আপনি 311 নম্বরে ফোন করতে পারেন।

কমিউনিটি অর্গানাইজেশন যারা মা-বাবাদেরকে সাহায্য করতে পারে।

Asian Americans for Equality
(সমতার পক্ষে এশীয় অ্যামেরিকান)
Central Office
108 Norfolk Street
New York, NY 10002
টেলিফোন: (212) 979-8381
ইমেইল: askaafe@aafe.org
aafe.org

Chinese Progressive Association
(চিনা প্রগতিশীল সমিতি)
230 Grand Street, Suite 504
New York, NY 10013
টেলিফোন: (212) 274-1891
ইমেইল: cpanyc@cpanyc.org
cpanyc.org

Coalition for Asian American Children and Families
(এশীয় অ্যামেরিকান শিশু ও পরিবারদের জোট)
50 Broad Street, 18th Floor
New York, NY 10004
টেলিফোন: (212) 809-4675
ইমেইল: cacf@cacf.org
cacf.org

Metropolitan Russian-American Parents Association
(মেট্রোপলিটন রুশ-অ্যামেরিকান বাবা মা'দের সমিতি)
টেলিফোন: (718) 415-5912
ইমেইল: rusamvlad@yahoo.com

El Centro del Inmigrante
(¡¡ãঅভিবাসীদের কেন্দ্র¡¡À)
1546 Castleton Avenue
Staten Island, NY 10302
টেলিফোন: (718) 420-6466
ইমেইল: info@elcentronyc.org
elcentronyces.wordpress.com

Flambwayan Haitian Literacy Project
(ফ্লামব্যয়ন হাইতিয় স্বাক্ষরতা প্রকল্প)
208 Parkside Avenue, 2nd Floor
Brooklyn, NY 11226
টেলিফোন: (718) 774-3037
ইমেইল: josmene@flanbwayan.org
flanbwayan.org

Sapna NYC
(স্বপ্ন নিউ ইয়র্ক সিটি)
2348 Waterbury Avenue
Bronx, NY 10462
টেলিফোন: (718) 828-9772
ইমেইল: info@sapnanyc.org
sapnanyc.org

DRUM – South Asian Organizing Center
(ড্রাম-দক্ষিন এশীয় সাংগাঠনিক কেন্দ্র)
72-18 Roosevelt Avenue
Jackson Heights, NY 11372
টেলিফোন: (718) 205-3036
ইমেইল: info@drumnyc.org
drumnyc.org

nyic
NEW YORK IMMIGRATION COALITION

Internationals
Network for Public Schools
Opening doors to the American Dream...

NYC
Department of Education
Carmen Fariña, Chancellor

Community Development
citi

আপনার সন্তান হাই স্কুল থেকে গ্রাজুয়েট করতে পারে!

আপনার সন্তানের নাম: _____ **তারিখ:** _____

গ্রাজুয়েট হতে এবং রিজেন্টস ডিপ্লোমা পেতে আপনার সন্তানের প্রয়োজন ৪৪ ক্রেডিটস এবং তাকে পাশ করতে হবে ৫টি রিজেন্টস এক্সামস।

নিচের চার্টটি ব্যবহার করে আপনি জানতে পারবেন আপনার সন্তানের কত ক্রেডিটস আছে এবং সে কতটি এক্সাম পাশ করেছে। এডভান্সড ডিপ্লোমা অর্জন করতে আরও ক্রেডিট পাওয়ার ব্যাপারে আপনি আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর এর সঙ্গে কথা বলতে পারেন।

এই চার্টের বিষয়গুলোতে আপনার সন্তানের প্রয়োজন ৪৪ ক্রেডিটস

- আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর এর কাছে একটা "পারমানেন্ট রেকর্ড" বা "ট্রানস্ক্রিপ্ট" চেয়ে নিন।
- "পারমানেন্ট রেকর্ড" বা "ট্রানস্ক্রিপ্ট" ব্যবহার করে চার্টটি পূরণ করতে আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর এর সাহায্য নিন।
- প্রতিটি বিষয়ের জন্য, আপনার সন্তানের অর্জিত প্রতিটি ক্রেডিট এর জন্য একটি বক্স পূরণ করুন। যদি সে অর্ধেক ক্রেডিট পায় সেক্ষেত্রে বক্সের অর্ধেক পূরণ করুন। যেমন: আপনার সন্তান যদি ম্যাথ বিষয়ে ৩ ক্রেডিট পায় তবে "ম্যাথ" এর সারিতে ৩টি বক্স পূরণ করুন।
- সোশ্যাল স্টাডিজ এর জন্য, আপনার সন্তানের প্রতিটি ক্লাসে পাশের ক্ষেত্রে একটি বক্স পূরণ করুন। প্রতিটি সোশ্যাল স্টাডিজ ক্লাসের জন্য একটি ক্রেডিট।
- আপনি একটি গোটা চার্ট পূরণ করলে বোঝানে হবে যে আপনার সন্তানের গ্রাজুয়েট করার জন্য প্রয়োজনীয় সব ক্রেডিটই রয়েছে।

যে সব বিষয় আপনার সন্তান অবশ্যই নেবে	আপনার সন্তান ইতিমধ্যেই যতটা ক্রেডিট অর্জন করেছে								সর্বমোট প্রয়োজনীয় ক্রেডিট
ইংলিশ	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	৮
সোশ্যাল স্টাডিজ	গ্লোবাল ১	গ্লোবাল ২	গ্লোবাল ৩	গ্লোবাল ৪	US ১	US ২	গভর্নমেন্ট	ইকনোমিকস	৮
ম্যাথ	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট			৬
সায়েন্স	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট			৬
ফরেন ল্যাঙ্গুয়েজ	১ ক্রেডিট	১ ক্রেডিট							২
মিউজিক/ আর্ট	১ ক্রেডিট	১ ক্রেডিট							২
হেলথ	১ ক্রেডিট								১
ফিজিক্যাল এডুকেশন	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট					৪
ইলেকটিভস	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট	১ ক্রেডিট			৭

*২০১৪ জুন পর্যন্ত চলমান

আপনার সন্তানকে ৫টি রিজেন্টস এক্সামস পাশ করতে হবে

- আপনার সন্তান ৬৫ বা তারও বেশি স্কোর করে একটি রিজেন্টস এক্সাম পাশ করবে।
- কিছু কলেজ ইংলিশ ও ম্যাথ বিষয়ে বেশি স্কোর চায়, কিন্তু আপনার সন্তান ৬৫ স্কোর করেই কলেজে যেতে পারবে।
- আপনার সন্তান তার স্কোর উন্নত করতে একাধিকবার রিজেন্টস এক্সাম দিতে পারবে।
- আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলরের কাছে আপনার সন্তানের রিজেন্টস এক্সামের স্কোর চান।

রিজেন্টস	সর্বোচ্চ স্কোর	পাশ করেছে? (৬৫+)
ইংলিশ		হাঁ/না
অ্যালজাবরা		হাঁ/না
সায়েন্স: _____		হাঁ/না
US হিস্ট্রি		হাঁ/না
গ্লোবাল হিস্ট্রি		হাঁ/না

- আপনার সন্তানের নিচের প্রতিটি বিষয়ের প্রদত্ত পরীক্ষার সর্বোচ্চ স্কোর লিখুন এবং তাতে পাশ করেছে কিনা বৃত্তবদ্ধ করুন।